# প্রিমিয়ার ইউনিভার্সিটি

বুলেটিন

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী

২০২০, ৫ম সংখ্যা


প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মুজিববর্ষ উদযাপন

## বঙ্গবন্ধু স্মরণে একটি শ্রদ্ধার্ঘ সংখ্যা প্রকাশ

জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রাঙ্গণে মুজিববর্ষ বা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন করা হয়েছে। ১৭ মার্চ ২০২০, সকাল সাড়ে ১০ টায় আয়োজিত এই অনুষ্ঠানে বঙ্গবন্ধু স্মরণে একটি শ্রদ্ধার্ঘ সংখ্যাও প্রকাশ করা হয়। অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বেলুন উড়িয়ে তিনি অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, বাঙালির পরাধীনতার ইতিহাস হাজার বছরের। ১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্রের



অভ্যুদয় ঘটলে বাঙালিরা মনে করেছিল, তারা স্বাধীনতা পেয়েছে। কিন্তু পাকিস্তান রাষ্ট্রের অভ্যুদয়ের পরপর বাঙালির মুখের ভাষা বাংলাকে চিরতরে বিলুপ্ত করার হীন ষড়যন্ত্র শুরু হলে তারা বুঝতে পারল, তারা নতুন করে পশ্চিম পাকিস্তানিদের কাছে পরাধীন হয়েছে। এসময় তারা দেখা পায় এক মহামানবের, যাঁর নাম শেখ মুজিবুর রহমান। তিনি বাংলা ভাষা আন্দোলনে সম্পৃক্ত হন এবং বাঙালির উপর পশ্চিম পাকিস্তানের শোষণের বিরুদ্ধে আন্দোলন শুরু করেন। পশ্চিম পাকিস্তানের তেইশ বছরের শাসনামলে বাঙালির অধিকার আদায়ের জন্য তিনি বহু আন্দোলন-সংগ্রাম করেছেন এবং প্রায় ১২ বছর কারানির্যাতন ভোগ করেছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন ও জনাব বোরহানুল হাসান চৌধুরী, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী। এছাড়া আরও উপস্থিত ছিলেন উপাচার্যের উপদেষ্টা ও প্রধান প্রকৌশলী মো. আবু তাহের, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম এবং ডেপুটি লাইব্রেরিয়ান কাউসার আলম প্রমুখ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি মহিলা হোস্টেলটি কোয়ারেন্টাইনে প্রাথমিক ব্যবহারের জন্য চট্টগ্রাম জেলা প্রশাসককে প্রদান

প্রিমিয়ার ইউনিভার্সিটির ছাত্রীদের জন্য নির্মিত সাগরিকাস্থ হোস্টেলটি, যেখানে এখনও পর্যন্ত ছাত্রীদের ভর্তি করা হয়নি, তা অকস্মাৎ করোনাভাইরাসে আক্রান্ত চট্টগ্রামে কোয়ারেন্টাইনে প্রাথমিক ব্যবহারের জন্য চট্টগ্রাম জেলা প্রশাসকের কাছে প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে প্রদান করা হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি ও উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্যদের মতানুসারে ভবনটি চট্টগ্রাম জেলা প্রশাসককে প্রদান করেন। *[ দৈনিক আজাদী, ৫.৪.২০২০, ১ম ও ৫ম পৃষ্ঠা ]*




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মুজিববর্ষ উপলক্ষে শুরু হল বঙ্গবন্ধু-পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব

## ‘বঙ্গবন্ধু নিরন্তর সমাজ পরিবর্তনের চিন্তা করতেন’

### শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজ থেকে একশত বছর আগে জন্ম নিয়েছিলেন বলেই আমরা এই বাংলাদেশ পেয়েছি। এই বাংলাদেশের যা কিছু, সব তাঁরই কারণে। হাজার বছরের পরাধীন বাঙালিকে স্বাধীনতা ও এই দেশ দেওয়ার জন্য তিনি পাকিস্তানের প্রায় তেইশ বছরের শাসনামলে অনেক আন্দোলন-সংগ্রাম করেছেন, অকান্ত পরিশ্রম করেছেন, অবর্ণনীয় কারানির্যাতন ভোগ করেছেন। তাঁর নেতৃত্বে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের মাধ্যমে প্রাপ্ত বাংলাদেশ নিয়ে তাঁর চিন্তা ছিল, এই দেশ হবে অসাম্প্রদায়িক ও প্রগতিশীল। এই দেশের প্রতিটি মানুষের মধ্যে থাকবে প্রগতির ছোঁয়া। ৬ মার্চ ২০২০, সকাল সাড়ে নয়টায় ‘তর্জনী তাঁর মুক্তির কথা বলে’ শ্লোগানকে সামনে রেখে নগরীর দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে আয়োজিত বঙ্গবন্ধু-পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রতিষ্ঠার দশম বছরে এসে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) মুজিববর্ষ বা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে *৯ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বঙ্গবন্ধু-পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী ও পুরস্কার বিতরণ

## বিশ্বকে ধীরে ধীরে মানবিক করা হচ্ছে

‘তর্জনী তাঁর মুক্তির কথা বলে’ শ্লোগানকে সামনে রেখে দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে মুজিববর্ষ বা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আয়োজিত বঙ্গবন্ধু-পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ১৪ মার্চ ২০২০, বিকেল ৪টায় প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর




চীফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, আজকের বিশ্বকে ধীরে ধীরে মানবিক করা হয়েছে, করা হচ্ছে। সেখানে বিতর্কের একটি বড়ো ভূমিকা রয়েছে। একসময় *৯ পৃষ্ঠার ১ কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগে আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন

## বেসিক সায়েন্সের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় গণিত

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রযুক্তির ভিত্তি হলো বেসিক সায়েন্স। এই বেসিক সায়েন্সের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় গণিত। বিশ্বকে ক্রমশ এগিয়ে নিতে হলে গণিতসহ বেসিক সায়েন্স চর্চার বিকল্প নেই। সোভিয়েত ইউনিয়ন যে দ্রুত এগিয়ে গিয়েছিল, তার কারণ, তারা গণিতসহ বেসিক সায়েন্সকে খুবই গুরুত্ব দিয়েছিল। তারা ক্লাস এইট থেকে শিক্ষার্থীদের ক্যালকুলাস শিক্ষা দিতে শুরু করেছিল, যেখানে আমিরেকায় ক্যালকুলাস শিক্ষা দেওয়া হতো ত্রয়োদশ শ্রেণি থেকে। আমেরিকা অবাক হয়ে দেখেছিল, গণিতকে গুরুত্ব দেওয়ার কারণে তাদের আগেই সোভিয়েত ইউনিয়ন মহাশূন্যে স্যাটেলাইট স্থাপন করতে সক্ষম হয়েছে, মহাকাশে মানুষ (ইউরিন গ্যাগারিন, ভ্যালেন্তিনা তেরেসকোভা) পাঠাতে পেরেছে। ১৪ মার্চ ২০২০, দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে গণিত বিভাগে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি 'শূন্য' সম্পর্কে বলেন, এই উপমহাদেশের গণিতবিদদের শূন্য আবিষ্কারের ফলে অনেক বড়ো বড়ো সংখ্যার লিখন ও পঠন একেবারে সহজ হয়ে যায়। তিনি শিক্ষাকে এগিয়ে নেওয়ার জন্য ভাষা (লিটারেসি) ও গণিত (নিউমারেসি)-এর প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে বলেন, রোমান সাম্রাজ্যের সময়ে বিশ্বের নানা প্রান্ত থেকে লোকজন জ্ঞান অর্জনের জন্য এথেন্সে প্লেটোর একাডেমিতে যেত। গণিতে যাদের আগ্রহ ও উৎসাহ নেই প্লেটো এই একাডেমিতে তাদের প্রবেশাধিকার নিষিদ্ধ করেছিলেন। গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনিরের সভাপতিত্বে ও সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর গণেশ চন্দ্র রায়। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, সায়েন্সের বেসিক জিনিস হচ্ছে গণিত। গণিত-শিক্ষায় শিক্ষার্থীদের ভয় আছে। এই ভয়কে জয় করতে হবে। প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, ম্যাথমেটিশিয়ানদের এমন কিছু টুলস তৈরি করা উচিত, যে-টুলস দ্বারা শিক্ষার্থীরা সহজে অংক শিখতে পারে। প্রফেসর ড. গণেশ চন্দ্র রায় বলেন, ভালো ছাত্ররা গণিত পড়তে আসছে না। কিন্তু তারা গণিত পড়তে এলে বিজ্ঞানের অন্যান্য বিষয়েও তারা ভাল করবে। অনুষ্ঠানে 'ক্যারিয়ার গঠনে গণিত বিষয়ে পারদর্শিতাই হতে পারে সফলতার সহজ পন্থা' বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয় ও বিভাগের শিক্ষার্থীদের তৈরি গণিত বিষয়ক বিভিন্ন মডেল প্রদর্শন করা হয়। প্রধান অতিথিসহ অন্য অতিথিবৃন্দ প্রদর্শনী দেখে সন্তোষ প্রকাশ করেন।




## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ব্যবসা-প্রশাসন বিভাগের সেমিনার

১১ মার্চ ২০২০, বিকেল ৪টায় দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগ তাদের নিয়মিত কর্মকাণ্ডের অংশ হিসেবে 'ওমেন এন্টরপ্রিনিউর্স অব স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস: ফেইলুরস এন্ড রিমেডিস' শীর্ষক এক সেমিনারের আয়োজন করে। ব্যবসা-প্রশাসন অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের শিক্ষক তাসনিম সুলতানা। প্রবন্ধের উপর আলোচনায় অংশগ্রহণ করেন বিভাগের শিক্ষক সুজন কান্তি বিশ্বাস ও তানবিনা তাবাসসুম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বিভাগের শিক্ষক আদিবা সুলতানা। আর সার্বিক সহযোগিতায় ছিলেন বিভাগের অন্য দুই শিক্ষক জনাব তাসনিম উদ্দিন চৌধুরী ও তৌহিদুল ইসলাম চৌধুরী।



## প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষার্থীদের চট্টগ্রাম আদালত পরিদর্শন

হাজারি লেইনস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনের আইন বিভাগের শিক্ষার্থীরা ১০ মার্চ ২০২০, বিকেল ৩.৩০ টায় প্রতিবারের মতো এইবারও চট্টগ্রাম আদালত পরিদর্শন করেছেন। এবার আদালত পরিদর্শন করেছেন বিভাগের ৩৭ তম ব্যাচের শিক্ষার্থীরা। তাঁরা অনেক কোর্ট পরিদর্শন করেন এবং চট্টগ্রাম মহানগর দায়রা জজ জনাব আশফাকুর রহমানের সাথে সাক্ষাৎ করেন। শিক্ষার্থীদেরকে আদালত পরিদর্শনের জন্য অভিনন্দন জানিয়ে চট্টগ্রাম মহানগর দায়রা জজ জনাব আশফাকুর রহমান আইনি বিষয়ে বিভিন্ন পরামর্শ প্রদান করেন। এছাড়াও তিনি আইন পেশাকে 'মহৎ পেশা' উল্লেখ করে বলেন, আইনবিদরা সমাজ ও রাষ্ট্র গড়ার কারিগর। এসময় শিক্ষার্থীদের পড়ালেখায় মনোযোগ দেয়ার ব্যাপারেও তিনি গুরুত্বারোপ করেন। শিক্ষার্থীরাও তাঁর সাথে পেশাগত অনেক বিষয় নিয়ে মত বিনিময় করেন। পরে শিক্ষার্থীরা চট্টগ্রাম মহানগর হাকিম আবু সালেম মোহাম্মদ নোমানের সাথেও সাক্ষাৎ করেন। শিক্ষার্থীদের তত্ত্বাবধানে ছিলেন বিভাগের প্রভাষক জাবেদ আরাফাত।



## প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিদর্শনে ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী অনিন্দ্য ব্যানার্জি



প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য কার্যালয়ে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী অনিন্দ্য ব্যানার্জি। ১২ মার্চ ২০২০, সকাল ১১.৩০টায় তিনি এই সাক্ষাৎ করেন। প্রফেসর ড. অনুপম সেন তাঁকে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আসায় আন্তরিক ধন্যবাদ জানান। সহকারী হাই কমিশনার শ্রী অনিন্দ্য ব্যানার্জি এসময় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের কাছে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষক সংখ্যা, শিক্ষার্থী সংখ্যা, পাঠদানের বিষয় প্রভৃতি নিয়ে কৌতূহল জ্ঞাপন করেন। এছাড়াও তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির লাইব্রেরিসহ বিভিন্ন বিষয়ে অনুসন্ধিৎসা প্রকাশ করেন। তিনি উপাচার্য মহোদয়ের বিভিন্ন লেখা নিয়েও আলোচনা করেন। পরে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি ভবনে ইংরেজি বিভাগ পরিদর্শন করেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইভটিজিং ও যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে গঠিত অভিযোগ কমিটির সভা



জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইভটিজিং এবং যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে গঠিত অভিযোগ কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়েছে। ১০ মার্চ ২০২০, সকাল ১১.৩০টায় অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন অভিযোগ কমিটির সভাপতি, প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী। অভিযোগ কমিটির সদস্য হিসেবে উপস্থিত ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ব্যবসা-প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক সুলতানা রাজিয়া চৌধুরী, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক শাহনাজ পারভিন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা শিরিণ চৌধুরী, মানবাধিকার কর্মী জেসমিন সুলতানা পারু প্রমুখ।

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির ১০ বছরে পদার্পণ উপলক্ষে বর্ণাঢ্য আয়োজন


# বিতর্ককে শিল্পের পথে নিয়ে যেতে কাজ করছে পিইউডিএস

দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় বিতর্ক সংগঠন প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি-পিইউডিএস-এর ১০ বছরে পদার্পণ উপলক্ষে বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১ ফেব্রুয়ারি ২০২০, বিকেল ৩টায় পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে ‘ভালোবেসে এক দশকে’ শীর্ষক এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক। অতিথি ছিলেন প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-প্রশাসন অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, ব্যবসা-প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক সুজন কান্তি বিশ্বাস, পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, মডারেটর সাইফুদ্দিন মুন্না, মডারেটর নিলুফার সুলতানা ও মডারেটর মিনহাজ হোসাইন। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর এ কে এম তফজল হক ‘বিতর্ককে শিল্পের পথে নিয়ে যেতে পিইউডিএস কাজ করছে’ উল্লেখ করে বলেন, বিতর্কচর্চা অত্যন্ত ১২ পৃষ্ঠার ১ম কলাম




# প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে ‘আন্তর্জাতিক ওয়েবিনার ডিস্কোর্স সিরিজ’-এর প্রথম পর্ব অনুষ্ঠিত

স্থাপত্য বহুমাত্রিক। স্থাপত্য বহমান। সেই বহমান ধারায় বিশ্বাস রেখে প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগ কোভিড-১৯-এর মত বিপর্যস্ত পরিস্থিতির মাঝেও ছাত্র-ছাত্রীদের স্থাপত্যশিক্ষায় অনুপ্রাণিত করতে ও গুনগত শিক্ষামান বজায় রাখতে সদা সচেষ্ট। অনলাইন শিক্ষাক্রমের পাশাপাশি এই বিভাগ বহুমুখী কার্যক্রম আয়োজন করে যাচ্ছে, যার অন্যতম ‘আন্তর্জাতিক ওয়েবিনার ডিস্কোর্স সিরিজ’। এটি এমন এক মাধ্যম, যার মধ্য দিয়ে পুরো বিশ্ব আজ এক সুতোয় বাধা। ২০ জুন ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে এই ‘আন্তর্জাতিক ওয়েবিনার ডিস্কোর্স সিরিজ’-এর প্রথম পর্ব অনুষ্ঠিত হয়েছে। এতে ‘হেরিটেজ কনজারভেশন এন্ড ডিজাইন’-এর উপর বিভিন্ন বিষয়ে উইবিনার লেকচার প্রদানের জন্য আন্তর্জাতিক স্থাপতি ও গবেষকদের আমন্ত্রণ জানানো হয়। প্রধান বক্তা ছিলেন ভারতীয় স্বনামধন্য স্থাপতি নিশ্চাল জেইন। তিনি মালাভিয়া ন্যাশনাল ইন্সটিটিউট অফ টেকনোলজি (MNIT), জয়পুর, ভারতের স্থাপত্য অনুষদে সহকারী অধ্যাপক হিসেবে দায়িত্বরত আছেন। তিনি একাধারে শুধু স্থাপতিই নন, একজন প্রোডাক্ট ডিজাইনার এবং খ্যাতিমান কার্টুনিস্ট। স্থাপতি নিশ্চাল এবং তাঁর সহধর্মিণী কাবিতা এক সঙ্গে বিগত ২৩ বছর ধরে দি ফর্মস (The Forms) নামক আর্কিটেকচারাল প্রতিষ্ঠানের মধ্য দিয়ে নিরলস কাজ করে যাচ্ছেন বিভিন্ন মাধ্যমে, যেমন আর্কিটেকচারাল ডিজাইন, ইন্টেরিয়র ডিজাইন, হেরিটেজ কনজার্ভেশন, ল্যান্ডস্কেপ, আরবান প্ল্যানিং ইত্যাদি। তাঁদের কাজের জন্য জাতীয় এবং আন্তর্জাতিক অঙ্গনে তাঁরা বিভিন্নভাবে স্বীকৃত হয়েছেন। পত্রপত্রিকায় ১৫ পৃষ্ঠার ১ম কলাম




# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বোর্ড অব ট্রাস্টিজের সভা অনুষ্ঠিত

২৫ জুলাই ২০২০, সকাল ১১ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত থেকে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি। সভায় বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মিসেস হাসিনা মহিউদ্দিন, জনাব অরুণ দাশগুপ্ত ও মিসেস সাবিহা মুসা প্রমুখ। এই সভার সঙ্গে বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, বাংলাদেশের খ্যাতিমান নাট্যব্যক্তিত্ব ও একুশে পদকপ্রাপ্ত জনাব নাসির উদ্দিন ইউসুফ, জনাব রেমন্ড আরেং এবং জনাব বোরহানুল হাসান চৌধুরী সালেহিন ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত ছিলেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্যের উপদেষ্টা ও প্রধান প্রকৌশলী জনাব মো. আবু তাহের এবং রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমানও সভায় উপস্থিত ছিলেন। সভায় বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব সাইফুল আলম মাসুদ, জনাব ইঞ্জিনিয়ার শহীদুল আলম ও জনাব আবদুস সামাদ লাবুর বড়ো ভাই জনাব ১১ পৃষ্ঠার ২য় কলাম





# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত



১১ জুলাই ২০২০, সকাল ১১ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়েছে। এই সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ, প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ও একাডেমিক কাউন্সিলের সভাপতি প্রফেসর ড. অনুপম সেন। উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী, প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ও একাডেমিক কাউন্সিলের সদস্য ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি। ভিডিও কনফারেন্সের মাধ্যমে আরও অংশগ্রহণ করেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব রেমন্ড আরেং, ট্রেজারার অধ্যাপক একেএম তফজল হক, বরিষ্ঠ অধ্যাপক অমল ভূষণ নাগ ও অধ্যাপক ড. মোয়াজ্জম হোসেন। একাডেমিক কাউন্সিলের সদস্য হিসেবে সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রফেসর ড. মিহির কুমার রায়, প্রফেসর ড. তৌফিক সাঈদ, স্থপতি সোহেল এম শাকুর, সহযোগী অধ্যাপক এম. মঈনুল হক, সহযোগী অধ্যাপক ইফতেখার মনির, সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক, সহকারী ৯ পৃষ্ঠার ১ম কলাম

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্থাপত্য বিভাগে ‘ডিজিটাল ফেব্রিকেশন এন্ড রোবোটিক কন্সট্রাকশন’ বিষয়ে সেমিনার




সাম্প্রতিক সময়ে করোনা পরিস্থিতিতে সারা বিশ্ব যখন শিক্ষা ব্যাবস্থা চালিয়ে নিতে নানাবিধ নতুন নতুন পদক্ষেপ নিচ্ছে তখন পিছিয়ে নেই আমাদের বাংলাদেশও। ইতোমধ্যে প্রযুক্তির কল্যাণে দেশের একাধিক বিশ্ববিদ্যালয় শিক্ষা-কার্যক্রম চালিয়ে নিয়ে বহুলভাবে সাড়া ফেলেছে। পিছিয়ে নেই চট্টগ্রাম নগরীর স্বনামধন্য প্রিমিয়ার ইউনিভার্সিটিও। সারাদেশে সাধারণ ছুটি ঘোষণার পর থেকেই কালক্ষেপণ না করে এই ইউনিভার্সিটি অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করে। নানা প্রতিকূলতার মধ্যে অনলাইন শিক্ষা অব্যাহত রাখার পাশাপাশি উন্মোচন করেছে জাতীয় ও আন্তর্জাতিক সহযোগিতা ও সম্ভাবনার নিত্য নতুন দ্বার। সম্প্রতি এরই ধারাবাহিকতায় ইউনিভার্সিটির ১০ম পৃষ্ঠার ২য় কলাম

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ওয়েবিনার সিরিজ

পুরো বিশ্ব আজ কোভিড-১৯ এর কারণে ঘরবন্দী। বাংলাদেশে শিাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে সরকারের নির্দেশে। কিন্তু থেমে নেই অদম্যদের গবেষণা-কর্ম। বাঙালিরাই কাজ করছে এই কোভিডের জিনোম সিকোয়েন্স আবিষ্কার নিয়ে। আবার প্রকৌশলীরা কাজ করছে কী করে কম খরচে ভেন্টিলেটর নির্মাণ করা যায় কিংবা সহজে কিভাবে হাই ফ্লো অক্সিজেন সাপ্লাই-এর যন্ত্র বানানো যায়। এমন এক পরিস্থিতিতে সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে ফেইসবুক লাইভ ও জুমে আয়োজিত হয়েছে ওয়েবিনার সিরিজের প্রথম দুটি পর্ব। প্রথম পর্বের বিষয় ছিল ‘ঘরে বসে গবেষণা ও পেপার লিখা : কিছু আলোচনা আর কিছু কথা’। এই পর্বে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর, যিনি বর্তমানে জাপানের ওসাকা বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপকের দায়িত্ব পালন করছেন, অত্যন্ত জনপ্রিয় ড. মো. আতিকুর রহমান আহাদ। দ্বিতীয় পর্বের বিষয় ছিল ‘দি প্লেইস অব সোলার এনার্জি এমাং দ্য রিনিউএবল এনার্জি সোর্সেস’। এই পর্বে প্রধান আলোচক ছিলেন ড. নওশাদ আমিন, প্রফেসর অব রিনিউএবল এনার্জি অ্যান্ড সোলার ফটোভোল্টিকস, ইনস্টিটিউশনস অব সাসটেইনেবল এনার্জি, ইউনিভার্সিটি অব তেরাঙ্গা মালয়েশিয়া। দু'টি পর্বেই ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না ও প্রভাষক রাফি




ইসলাম আলভীর উপস্থাপনায় এবং ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। এই পর্ব দু'টোতে প্রশ্ন করার সুযোগ ছিল সকল শিক্ষার্থীর জন্য। প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থীসহ মোট ২০০জন অংশগ্রহণ করেন। পর্ব দু'টো প্রিমিয়ার ইউনিভার্সিটির অফিসিয়াল ফেইসবুক পেইজ এবং ডিপার্টমেন্ট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং-এর পেইজে লাইভ প্রচারিত হয়েছে। উল্লেখ্য, ওয়েবিনার সিরিজের তৃতীয় পর্ব আগামী ০৯ জুলাই ২০২০, অনুষ্ঠিত হবে। *[দৈনিক আজাদী, ৬.৭.২০২০, পৃষ্ঠা-৩]*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সিন্ডিকেট সভা অনুষ্ঠিত

১৮ জুলাই ২০২০, সকাল ১১ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ও সিন্ডিকেট সভাপতি প্রফেসর ড. অনুপম সেন। উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী, প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ও সিন্ডিকেটের সদস্য ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি এবং মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বিশেষ সহকারী, বোর্ড অব ট্রাস্টিজ ও



সিন্ডিকেটের সদস্য ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া। সভায় বিগত ২৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেট সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের প রি স্হি তি তে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক কার্যাবলী পরিচালনা প্রসঙ্গে বিস্তারিত আলোচনা করা হয়। পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর যখন বিশ্ববিদ্যালয় খুলবে তখন রেগুলার ক্লাসে সামাজিক দূরত্ব রক্ষার ব্যবস্থা গ্রহণের এবং যারা অসুস্থতা বা অন্যান্য কারণে সরাসরি ক্লাসে যোগদান করতে পারবে না, তারা যাতে অনলাইনে ক্লাসে যুক্ত হতে পারে সেজন্য প্রয়োজনীয় *১২ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ‘অপরচুনিটিস ফর ইঞ্জিনিয়ার্স’ শীর্ষক ওয়েবিনার

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড




ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে আয়োজন করা হয়েছে ‘অপরচুনিটিস ফর ইঞ্জিনিয়ার্স’ ওয়েবিনার। বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিখ্যাত ইলেকট্রনিক প্রোডাক্ট-এর প্রতিষ্ঠান এরিকসনের টেকনিক্যাল সলিউশন অ্যান্ড প্রোগ্রাম ডিরেক্টর জনি শাহিনুর আলম। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। হার্বার্ড ও এমআইটির এলামনি জনি শাহিনুর আলম তাঁর মূল প্রবন্ধে বলেন, ভবিষ্যৎ-বিশ্বে প্রকৌশলীদের জন্য অনেক সুযোগ রয়েছে। তাদের জন্য রয়েছে চাকরি ও উচ্চশিক্ষার সুযোগ। শিক্ষার্থীদের আসলে ঠিক করে ফেলতে হবে, গ্র্যাজুয়েশনের পর পর তারা কি চাকরি করতে যাবে, নাকি উচ্চশিক্ষার জন্য প্রস্তুতি নিবে? যারা দেশে কিংবা বিদেশে চাকরি *৮ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের মাসিক সাহিত্য ওয়েবিনার সিরিজ

## উইলিয়াম শেক্সপিয়র পাঠ্য থেকে পাঠাগারে পরিণত হয়েছেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের মাসিক সাহিত্য সেমিনার এখন ডিজিটাল ফোরামে চালু হয়েছে। সম্প্রতি ‘জুম’ অনলাইন মিডিয়ামে এই অনলাইন সেমিনার বা ওয়েবিনার সিরিজের উদ্বোধন এবং সভাপতিত্ব করেন ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান। ওয়েবিনার সিরিজের প্রথম পর্বে প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন ও




ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহীত উল আলম তাঁর ‘অন এডিটিং আ শেক্সপিরিয়ান টেক্সট : ফ্রম দ্য সেভেনটিনথ সেঞ্চুরি টু দ্য পোস্ট-মডার্নটাইম’ শীর্ষক প্রবন্ধটি নিয়ে আলোচনা করেন। সহকারী অধ্যাপক শহীদুল আলম চৌধুরী ও প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় এই পর্বে ড. মোহীত উল আলম তাঁর আলোচনায় বলেন, শেক্সপিয়রের নাটকের সম্পাদনা এক প্রকারের ‘প্যারাটেক্সটুয়াল’ বৈশিষ্ট্যকে প্রশ্রয় দেয়। সপ্তদশ শতক থেকে শুরু করে সমসাময়িক কাল পর্যন্ত বিভিন্ন সম্পাদক উইলিয়াম শেক্সপিয়রের নাটককে তাঁদের কাল ও সমাজের ছাঁচে ফেলার প্রয়াস দেখিয়েছেন। এতে করে উইলিয়াম শেক্সপিয়র নিজেই পাঠ্য থেকে পাঠাগারে পরিণত হয়েছেন।


উল্লেখ্য, অধ্যাপক ড. মোহীত উল আলম নিজেও শেক্সপিয়রের বিভিন্ন নাটক সম্পাদনা করেছেন। তন্মধ্যে উল্লেখযোগ্য হল হ্যামলেট, যা সম্পাদনাকালে তিনি শেক্সপিয়র বিশারদ হার্ভার্ড ইউনিভার্সিটির অধ্যাপক স্টিফেন গ্রীনব্ল্যাটের সঙ্গে সরাসরি সাক্ষাৎ করেছিলেন। ওয়েবিনার সিরিজের প্রথম পর্বে ইংরেজি বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকাসহ দেশ-বিদেশের আরও অনেক সাহিত্য পিপাসুদের উপস্থিতি ও অংশগ্রহণ ছিল। আরও উপস্থিত ছিলেন নেপালের শেক্সপিয়র বিশেষজ্ঞ অধ্যাপক ড. সংগীতা রায়ামাঝি এবং প্রখ্যাত গবেষক ও অধ্যাপক ড. অরুণ গুপ্ত। আলোচনা শেষে ছিল প্রশ্নোত্তর পর্ব। শেষে সভাপতি সাদাত জামান খান সকলের উদ্দেশ্যে শুভেচ্ছা জ্ঞাপন করে ওয়েবিনার সিরিজের প্রথম পর্বের ইতি টানেন। *[ দৈনিক আজাদী, ২৭.৭.২০২০, পৃষ্ঠা-৩]*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ২৬ তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম




হাজারী গলির প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ২৬ তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ২৬ ফেব্রুয়ারি ২০২০, অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির সায়েন্স *১৩ পৃষ্ঠার ২য় কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গণিত বিভাগের ওয়েবিনার




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গণিত বিভাগের উদ্যোগে ওয়েবিনার সিরিজের দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয়েছে ১২ আগস্ট ২০২০, বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনিরের সভাপতিত্বে ও সঞ্চালনায় দ্বিতীয় ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনিভার্সিটি অব টেক্সাস এট ডালাস-এর পোস্ট ডক্টরাল ফেলো ড. মুজিবুর রহমান চৌধুরী। 'ইমেজ ডিনয়েজিং এন্ড ডিকনভ্যুলুশন বেইজড অন ফ্রেকশনাল অর্ডার ডেরিভেটিভ' শিরোনামের উপর অনুষ্ঠিত ওয়েবিনারে বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। কিনোট স্পিকার তাঁর বক্তব্যে ফোটন কাউন্টিং ডিভাইসসমূহ থেকে প্রাপ্ত ডাটাকে ননলিনিয়ার ডাটা ফিটিং টার্ম ব্যবহার করে ইনটিজার অর্ডার ডেরিভেটিভ-এর পরিবর্তে ফ্রেকশনাল অর্ডার ডেরিভেটিভ ব্যবহার করে কিভাবে ডিনয়েজিং এবং ডিব্লারিং করা যায় তার ম্যাথমেটিকেল মডেল তুলে ধরেন এবং এর নিউমারিকেল রেজাল্ট উপস্থাপন করেন। প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণকারী শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থাপিত ম্যাথমেটিকেল মডেলের উপর আলোচনা ছাড়াও প্রায়োগিক গণিতের যুগোপযোগী পাঠ্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

# প্রিমিয়ার ইউনিভার্সিটি উপাচার্য ড. অনুপম সেনের সঙ্গে চসিক প্রশাসক খোরশেদ আলম সুজনের সৌজন্য সাক্ষাৎ

প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসক ও তাঁর ছাত্র খোরশেদ আলম সুজন। ২৭.০৯.২০২০, বেলা ৩.০০টায় তিনি প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সৌজন্য সাক্ষাৎ করেন। উপাচার্য মহোদয় খোরশেদ আলম সুজনকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসক নিযুক্ত হওয়ায় পুষ্পস্তবক দিয়ে অভিনন্দন জ্ঞাপন করেন। এসময় উপাচার্য ড. অনুপম সেন বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞানে আমার সরাসরি ছাত্র ছিলেন খোরশেদ আলম সুজন। সেই সময়েই আমি দেখেছি তিনি একজন ভালো ছাত্র, কিন্তু অসাধারণ বাগ্মী। বিশ্ববিদ্যালয়ের সামনের প্রান্তরে তিনি যখন বক্তৃতা করতেন তা শুনে শুধু শিক্ষার্থীরাই মুগ্ধ হতো তা নয়, এমনকি শিক্ষকরাও মুগ্ধ হতেন। এখনও তাঁর সেই অসাধারণ বাগ্মী-প্রতিভা সম্পূর্ণভাবে লয় হয়নি। এখনও তার অবশেষ রয়েছে। এখনও তিনি একজন খুব ভালো বক্তা, যদি সুযোগ পান। আমি পত্র-পত্রিকার মারফত জেনেছি এবং প্রত্যক্ষভাবেই দেখছি, চট্টগ্রামের রাস্তাঘাট যেরকম ভাঙাচোরা অবস্থায় ছিল, তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসক নিযুক্ত হওয়ার পর সেইসব রাস্তার অনেকগুলোই ভালোভাবে মেরামত করে চলাচল উপযোগী করেছেন। আমি শিক্ষক হিসেবে সবসময় তাঁর শুভাকাঙ্ক্ষী। আমি এখনও চাই যে, তিনি সত্যিকার অর্থে চট্টগ্রামবাসী এবং বাংলাদেশের জনগণের কল্যাণের রাজনীতিতে গভীরভাবে সম্পৃক্ত থাকবেন। কোনরকম অন্যায় যেন তাঁকে স্পর্শ না করে। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহম্মদ ইব্রাহিম, স্থপতি শহিদুল হক প্রমুখ।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে

# 'স্টার্টআপ অপরচুনিটিস ইন বাংলাদেশ' শীর্ষক ওয়েবিনার




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে সম্প্রতি আয়োজিত হয়েছে এই বিভাগের ওয়েবিনার সিরিজের ৭ম পর্ব। 'স্টার্টআপ অপরচুনিটিস ইন বাংলাদেশ' শীর্ষক এই পর্বে কিনোট স্পিকার হিসেবে মূল প্রবন্ধ উপস্থাপন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র অ্যাসিস্টেন্ট সেক্রেটারি ও আইডিয়া প্রজেক্ট আইসিটি ডিভিশনের সিনিয়র কনসালটেন্ট (রিসার্চ অ্যান্ড ইনোভেশন স্পেশালিস্ট) আর এইচ এম আলাউল কবির। এতে প্যানেল স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় তড়িৎ প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ও স্টেলার বাংলাদেশের ম্যানেজিং ডিরেক্টর ড. আরিফ ইফতেখার মাহমুদ, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক এবং মাস্টোডন ওয়াশ-এর প্রতিষ্ঠাতা ও সিইও ফরিদুল হাসান শুভ। প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দীন মুন্নার সঞ্চালনায় ওয়েবিনারে সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। কি-নোট স্পিকার আর এইচ এম আলাউল কবির বলেন, আইসিটি মন্ত্রণালয়ের আন্ডারে স্টার্টআপ বাংলাদেশ আজ শিক্ষার্থীদের জন্য এবং তরুণ উদ্যোক্তাদের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা *১৫ পৃষ্ঠার ২য় কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের সেমিনার



হাজারী গলির প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের 'এন এনালাইসিস অব প্রোডাকশন, এমপ্লয়মেন্ট এন্ড প্রফিট ইন দ্য স্মল সুয়িং ইন্ডাস্ট্রি: এ স্টাডি অন সিলেক্টেড এরিয়া ইন চিটাগং সিটি' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৯ ফেব্রুয়ারি ২০২০, অনুষ্ঠিত সেমিনারে কিনোট স্পিকার হিসেবে মূল গবেষণাপ্রবন্ধ উপস্থাপন করেন অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক জনাব বিদ্যুৎ কান্তি নাথ। বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে আলোচক হিসেবে বক্তব্য রাখেন বিভাগের প্রভাষক অর্পিতা দত্ত। কিনোট স্পিকার বিদ্যুৎ কান্তি নাথ তাঁর উপস্থাপিত গবেষণাপ্রবন্ধে চট্টগ্রামে গড়ে উঠা সেলাই শিল্পের উৎপাদন, কর্মসংস্থান, মুনাফা, সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা করেন। বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী তাঁর বক্তব্যে সেলাই শিল্পের পুরাতন ঐতিহ্যের কথা তুলে ধরে বাংলাদেশের অর্থনীতিতে ক্ষুদ্রায়তন সেলাই শিল্পের বিভিন্ন অর্থনৈতিক গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন।

# প্রিমিয়ার ইউনিভার্সিটি উপাচার্য ড. অনুপম সেনের সঙ্গে ইউজিসি সদস্য ড. মো. আবু তাহেরের সৌজন্য সাক্ষাৎ

প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-র নবনিযুক্ত পূর্ণকালীন



সদস্য ড. মো. আবু তাহের। ০৭.০৯.২০২০, বেলা ১১ টায় তিনি প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সৌজন্য সাক্ষাৎ করেন। উপাচার্য মহোদয় ড. মো. আবু তাহেরকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-র পূর্ণকালীন সদস্য মনোনীত হওয়ায় পুষ্পস্তবক দিয়ে অভিনন্দন জ্ঞাপন করেন। এসময় উপাচার্য ড. অনুপম সেন বলেন, ড. মো. আবু তাহের চট্টগ্রামের সন্তান। তিনি দীর্ঘকাল ধরে অধ্যাপনাও করেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে। সুতরাং তাঁর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-র পূর্ণকালীন সদস্য মনোনীত-হওয়া চট্টগ্রামের জন্য গর্বের ব্যাপার। ড. মো. আবু তাহের প্রিমিয়ার ইউনিভার্সিটিকে ইউজিসির পক্ষ থেকে সার্বিক সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহম্মদ ইব্রাহিম প্রমুখ।

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে 'ওয়ান আওয়ার ফর ওয়ার্কার: এ ডায়ালগ' শীর্ষক ওয়েবিনার

## শিক্ষার্থীদের জ্ঞান অর্জনের মাধ্যমে মানবিক মানুষ হতে হবে

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে এই বিভাগের উদ্যোগে 'ওয়ান আওয়ার ফর ওয়ার্কার : এ ডায়ালগ' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। ওয়েবিনারে মুখ্য আলোচকের প্যানেলে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আবদুল্লাহ আল ফারুক এবং বান্দরবান জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (অতিরিক্ত জেলা জজ) জনাব মোহাম্মদ মাহাবুবুর রহমান। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী। ওয়েবিনারে বিভাগের ৩৯ তম ব্যাচের ছাত্র-ছাত্রীরা প্লাস্টিক শিল্প, চামড়া শিল্প, জাহাজভাঙা শিল্প, ভবন ধ্বস, গার্মেন্টস শিল্পে করোনা প্রভৃতি বিষয়গুলোকে কেন্দ্র করে শ্রমিকদের স্বাস্থ্যবিধি, কর্মে নিরাপত্তা বিষয়ে তাঁদের গবেষণালব্ধ ফলাফল তুলে ধরেন। অধ্যাপক ড. আবদুল্লাহ আল ফারুক তাঁর বক্তব্যে ছাত্র-ছাত্রীদের গবেষণাকর্মের প্রশংসা করেন এবং শ্রমিকদের অধিকার রক্ষায় গবেষণাকর্ম চালিয়ে যাওয়ার পরামর্শ দেন। জনাব মোহাম্মদ মাহাবুবুর রহমান তাঁর বক্তব্যে বলেন, শিক্ষার্থীদেরকে জ্ঞান অর্জনের মাধ্যমে মানবিক মানুষ হতে হবে, মানবিক সমাজ গঠন করতে হবে। তাদের বড় হয়ে রাষ্ট্রের নীতি নির্ধারণেও অংশ নিতে হবে। সভাপতি তানজিনা আলম চৌধুরী তাঁর বক্তব্যে বলেন, শ্রম আইনে অধিকার যতটাই দেয়া থাকুক না কেন বাস্তবিক পর্যায়ে তার বাস্তবায়ন নিশ্চিত করতে সকলের অংশগ্রহণ এবং সচেতনতা একান্ত প্রয়োজন। বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহার সঞ্চালনায় ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টর জনাব আহমদ রাজিব চৌধুরী আলোচনায় অংশ নিয়ে শিক্ষার্থীদের উদ্দেশ্যে আইনের প্রায়োগিক দিক নিয়ে আলোকপাত করেন। আরও আলোচনা করেন বিভাগের সহকারী অধ্যাপক মেহের নিগার, হুমায়রা নওশীন উর্মি, সনজয় বিশ্বাস, ফরিদ উদ্দীন নোমান, ইয়াসমিন ফারজানা, মাহাবুবা সুলতানা এবং প্রভাষক মেহেরুন্নেছা বেগম, তাহমিনা সানজিদা সহিদ, জাবেদ আরাফাত, সুরিনা তারজিদ। এছাড়াও শ্রমিক প্রতিনিধি হিসেবে ইমাম হাসান বক্তব্য রাখেন। ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীসহ প্রায় একশতজন অংশগ্রহণ করেন। *[দৈনিক আজাদী, ৫.১০.২০২০, পৃষ্ঠা-২]*




প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির মুজিববর্ষ উপলক্ষে 'পৌনঃপুনিক' প্রকাশ

## 'জ্ঞানের উজ্জীবনে বিতর্কের বিশাল ভূমিকা রয়েছে'



প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি-পিইউডিএস মুজিববর্ষ বা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে তাদের বার্ষিক ম্যাগাজিন 'পৌনঃপুনিক' প্রকাশ করেছে। ১৪ অক্টোবর ২০২০, বেলা ১২ টায় জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি মিলনায়তনে পিইউডিএস-এর উদ্যোগে 'পৌনঃপুনিক'-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি *১৪ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি ও রবি আজিয়াটা লিমিটেডের মধ্যে এমওইউ চুক্তি স্বাক্ষরিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রত্যেক শিক্ষার্থী রবি আজিয়াটা লিমিটেড থেকে স্পেশাল স্টুডেন্ট ডাটা প্যাক ও সলিউশান সার্ভিস ব্যবহার করতে পারবেন। এছাড়াও প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকা রবি আজিয়াটা লিমিটেডের কলরেট থেকে শুরু করে সব ধরনের কর্পোরেট সুযোগ-সুবিধা পাবেন। প্রিমিয়ার ইউনিভার্সিটি ও রবি আজিয়াটা লিমিটেডের মধ্যে ১৮ নভেম্বর ২০২০, এই সমঝোতা স্মারক চুক্তি (এমওইউ) সম্পন্ন হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এসময় ইউনিভার্সিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। এছাড়া আরও উপস্থিত ছিলেন বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। রবি আজিয়াটা লিমিটেডের পক্ষ থেকে উপস্থিত ছিলেন এই প্রতিষ্ঠানের ভাইস প্রেসিডেন্ট (এন্টারপ্রাইজ বিজনেস) এ কে এম নাজমুল ইসলাম, জিএম (এন্টারপ্রাইজ বিজনেস) মোস্তফিজুর রহমান ও ম্যানেজার (এন্টারপ্রাইজ বিজনেস) মো. মেজবাহ উদ্দিন। চুক্তিতে স্বাক্ষর করেন ইউনিভার্সিটির পক্ষে রেজিস্ট্রার খুরশিদুর রহমান এবং রবি আজিয়াটা লিমিটেডের পক্ষে এই প্রতিষ্ঠানের ভাইস প্রেসিডেন্ট (এন্টারপ্রাইজ বিজনেস) এ কে এম নাজমুল ইসলাম।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইন বিভাগের নবীন বরণ

## 'আইনের শিক্ষার্থীরা কেবল আইনের নয়, মানবতা প্রতিষ্ঠারও ছাত্র'




দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের এলএলবি (অনার্স)-এর ৩৯, ৪০, ৪১ ও ৪২ তম ব্যাচের নবীন বরণ অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ০১ ফেব্রুয়ারি ২০২০, বেলা ২ টায় অনুষ্ঠিত এই নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, আইন অনুষদের অ্যাডজাঙ্কট ডিন প্রফেসর আবদুল্লাহ আল-ফারুক ও প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। আইন বিভাগের চেয়ারম্যান মিসেস তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন নবীন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, স্কুল ও কলেজের গণ্ডি পেরিয়ে তোমরা একটা নতুন জগতে প্রবেশ করেছো। এটা আইনের জগত। এই জগত অনেক পুরনো। আইন পেশা বিশ্বের প্রাচীনতম পেশাগুলোর অন্যতম। প্রাচীন গ্রীক, প্রাচীন রোম, আমাদের এই উপমহাদেশ, আরবভূমি, পারস্য, এমনকি ইউরোপ যখন নতুন করে জেগে উঠছিল সেসময়কার রোমান সাম্রাজ্য–এইসব দেশে রাষ্ট্র যখন প্রতিষ্ঠিত হয়েছে, তখনই আইনের প্রতিষ্ঠা হয়েছে। তিনি আইনের প্রাচীন ইতিহাস, আইনের প্রাচীন নিদর্শন ও রাষ্ট্রের সংজ্ঞা বর্ণনা করেন। তিনি 'আইনের শিক্ষার্থীরা কেবল আইনের নয়, মানবতা প্রতিষ্ঠারও ছাত্র' উল্লেখ করে বলেন, সাধারণ মানুষ যাতে আইনের সুফল পায় আইনের শিক্ষার্থীদের সেদিকে নজর দিতে হবে, সে-বিষয়ে ভাবতে হবে। বিশেষ অতিথি ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক বলেন, দেশে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের বেশ সুনাম রয়েছে। এই বিভাগের সুনাম ধরে রাখতে হবে এবং এই সুনাম বৃদ্ধি করতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইন বিভাগের সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস। নবীন শিক্ষার্থীদের কয়েকজন তাঁদের অনুভূতি ব্যক্ত করেন। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বাণী অর্চনা অনুষ্ঠান

## প্রকৃত জ্ঞানের মাধ্যমে মানুষ মানুষ হয়ে ওঠে



আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, সরস্বতীর প্রথম উল্লেখ পাওয়া যায় ঋগ্বেদে। জ্ঞান, সংগীত, শিল্পকলা, বুদ্ধি ও বিদ্যার দেবী হিসেবে তিনি পূজিত হন। বাংলাদেশ ও ভারত ছাড়াও *৮ পৃষ্ঠার ১ম কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান বিজয় দিবস উদযাপন

## ছয় দফার পথ ধরে সূচিত হয় মুক্তিযুদ্ধ, অর্জিত হয় বিজয়




আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বাঙালিরা শতাব্দীর পর শতাব্দী পরাধীন ছিল। ইংরেজরা প্রায় ১৯০ বছর এদেশকে পরাধীন করেছিল, শোষণ করেছিল। তারা ১৭৫৭ সালে এদেশকে দখল করার পর মাত্র তিন বছরের মধ্যে তৎকালীন ৫০০ কোটি পাউন্ডের সম্পদ এদেশ থেকে পাচার করেছিল ইংল্যান্ডে। ইংরেজদের পরে এদেশকে পরাধীন করে পশ্চিম পাকিস্তান। ১৯৪৭-৭১ পর্যন্ত প্রায় ২৩ বছর পশ্চিম পাকিস্তান বাংলাদেশকে নির্মমভাবে শোষণ করেছে। এদেশের অর্থে পশ্চিম পাকিস্তান ও সেখানকার জনগণের জীবন-মানের আমূল পরিবর্তন ঘটেছে; সেখানে নির্মিত হয়েছে তারবেলা বাঁধ; গড়ে উঠেছে করাচি, রাওয়ালপিন্ডি ও ইসলামাবাদ; পুষ্ট হয়েছে শিল্পখাত, সেবাখাত ও কৃষিখাত। এভাবে শোষণের শিকার হয়ে বাংলাদেশ দরিদ্র থেকে দরিদ্রতর হয়েছে। এই শোষণ থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয় *১৫ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সাবেক মেয়র আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীর ৩য় মৃত্যুবার্ষিকী পালন

## এবিএম মহিউদ্দিন চৌধুরী গভীরভাবে দেশকে ভালবাসতেন, ভালবাসতেন এই চট্টগ্রামকে

প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা, সাবেক মেয়র, বীর মুক্তিযোদ্ধা ও চট্টলবীর আলহাজ্ব এবিএম মহিউদ্দিন



চৌধুরীর ৩য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর কবরে পুষ্পমাল্য অর্পণ করেছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন এবং বিভাগীয় প্রধানগণ, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারিবৃন্দ। ১৫ ডিসেম্বর ২০২০, সকাল ১১টায় এই পুষ্পমাল্য অর্পণকালে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, চীফ ইঞ্জিনিয়ার ও উপাচার্যের উপদেষ্টা জনাব মো. আবু তাহের, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান ও পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল এম. শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক ও ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান। এসময় প্রফেসর ড. অনুপম সেন বলেন, আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী ছিলেন মূলত একজন *১৫ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

## মাতৃভাষার মাধ্যমে আমাদের এগিয়ে যেতে হবে

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, ১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্রের অভ্যুদয়ের পরে বাংলা ভাষা ষড়যন্ত্র কবলিত হলে শুরু হয় ভাষা আন্দোলন। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি এই আন্দোলন চূড়ান্ত পরিণতি লাভ করে। সেদিন মাতৃভাষার সম্মান রক্ষার্থে




বাংলা মায়ের বীর সন্তানেরা বুকের তাজা রক্তে রঞ্জিত করেছিলেন ঢাকার রাজপথ এবং আত্মাহুতি দিয়েছিলেন। তাই এই দিনটি বাঙালির ইতিহাসে একটি অনন্য ও অসাধারণ দিন। ২১ ফেব্রুয়ারি ২০২০, জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় শহীদ মিনারে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করার প্রাক্কালে তিনি এসব কথা বলেন। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করার পরে ইউনিভার্সিটির কর্মকর্তা-কর্মচারী, গণিত বিভাগ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইংরেজি বিভাগ, ব্যবসা-শিক্ষা অনুষদ, আইন বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, স্থাপত্য বিভাগ, অর্থনীতি বিভাগ, সোশ্যালজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগ, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি কর্তৃক পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন উপাচার্যের উপদেষ্টা ও প্রধান প্রকৌশলী জনাব মো. আবু তাহের, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম এবং ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউসার আলম প্রমুখ।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায়

## ইংরেজির মাধ্যমে বিশ্বসাহিত্য আমাদের কাছে পরিচিত




জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবন প্রাঙ্গনে ৪ জানুয়ারি ২০২০, সকাল ১১ টায় এই ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৩০ তম ব্যাচের বর্ণাঢ্য আয়োজনে বিদায় নিলো ২৯ তম ব্যাচের এক ঝাঁক ছাত্রছাত্রী। একই সাথে বরণ করা হল ৩৬ তম ব্যাচের নবীনদের। এই অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি ভারতীয় উপমহাদেশে ইংরেজি ভাষার আধিপত্য বিস্তারের নেপথ্য ঘটনা তুলে ধরেন। পলাশীর যুদ্ধের পরে ইংরেজরা কিভাবে সম্পদশালী বাংলার অর্থনীতি ক্ষয়ক্ষতি করে নিজেরা লাভবান হয়েছে, তাও সাবলীলভাবে ফুটিয়ে *১১ পৃষ্ঠার ১ম কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলোজিস: চিটাগং অ্যাকটিভেশন প্রোগ্রাম' শীর্ষক কর্মশালা

## এখন চতুর্থ শিল্পবিপ্লবের সময়




দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে বাংলাদেশ সরকারের তথ্য-প্রযুক্তি বিভাগের ইনোভেশন ডিজাইন এন্ড এন্টারপ্রিনিয়রশীপ একাডেমি-আইডিয়ার উদ্যোগে 'ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলোজিস: চিটাগং অ্যাকটিভেশন প্রোগ্রাম' শীর্ষক চট্টগ্রাম বিভাগীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আগামী ২৮-২৯ ফেব্রুয়ারি ২০২০, দশটি জাতীয় সমস্যা সমাধানের উদ্দেশ্যে জাতীয়ভাবে অনুষ্ঠিতব্য 'ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলোজিস' উপলক্ষে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি, ইন্ডিয়ান হাই কমিশন ও টেকনো মাহিন্দ্রর সহযোগিতায় ১৮ জানুয়ারি ২০২০, সকাল ১০টায় অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-ইউজিসির সদস্য প্রফেসর ড. মো. সাজ্জাদ হোসেন, বিশেষ অতিথি ছিলেন ইনোভেশন ডিজাইন এন্ড এন্টারপ্রিনিয়রশীপ একাডেমি-আইডিয়ার প্রজেক্ট ডিরেক্টর (অতিরিক্ত সচিব) সৈয়দ মুজিবুল হক এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক। কিনোট স্পিকার ছিলেন ইনোভেশন ডিজাইন এন্ড এন্টারপ্রিনিয়রশীপ একাডেমি-আইডিয়ার সিনিয়র কনসালটেন্ট *১৩ পৃষ্ঠার ১ম কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে করোনাভাইরাসরোধে হ্যান্ড স্যানিটাইজার উৎপাদন শুরু

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে একদল শিক্ষার্থী করোনাভাইরাসরোধে হ্যান্ড স্যানিটাইজার উৎপাদন শুরু করেছে। বিশ্বজুড়ে করোনাভাইরাসের আক্রমণ এখন বাংলাদেশকেও স্পর্শ করেছে। করোনাভাইরাসের আক্রমণ থেকে দেশবাসীকে নিরাপদ রাখার জন্য বাংলাদেশ সরকার বেশকিছু ঘোষণা ও করণীয় প্রচার করেছে। এর মধ্যে অন্যতম হলো সকলকে নিজ উদ্যোগে এই মারণব্যাধির আঘাত থেকে মুক্ত রাখার জন্য কয়েকটি আবশ্যকীয় পদক্ষেপ গ্রহণ। তার মধ্যে রয়েছে, বারবার ভালোভাবে হাত ধোয়া এবং হ্যান্ড স্যানিটাইজারের মাধ্যমে হাতকে ভাইরাসমুক্ত রাখা। বর্তমানে দেশজুড়ে হ্যান্ড স্যানিটাইজারের চাহিদা বেড়ে যাওয়ায় বাজার থেকে স্যানিটাইজার প্রায় উধাও হয়ে গেছে অথবা অনেক বেশি দামে বিক্রি হচ্ছে। জনগণের অন্তত কিছু চাহিদা মেটানোর জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীরা স্যানিটাইজার উৎপাদন শুরু করেছে। ২৪ মার্চ ২০২০, বিকেল ৩ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য কার্যালয়ে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের হাতে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীদের তৈরি করা হ্যান্ড স্যানিটাইজারের নমুনা তুলে দেওয়া হয়। এসময় উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক ও সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না। এছাড়া প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমানও উপস্থিত ছিলেন। *[দৈনিক পূর্বকোণ, ২৬.৩.২০২০, পৃষ্ঠা-৩]*




## *প্রকৃত জ্ঞানের মাধ্যমে মানুষ মানুষ হয়ে ওঠে*

*৬ পৃষ্ঠার পর*

আরও কয়েকটি দেশে এই পূজার প্রচলন রয়েছে। এই পূজার প্রকৃত অর্থ হলো, প্রকৃত জ্ঞানের মাধ্যমে মানুষ যেন মানুষ হয়ে ওঠে, পৃথিবীকে করে তোলে শান্তিময়। ৩০ জানুয়ারি ২০২০, জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রাঙ্গণে ইউনিভার্সিটির বাণী অর্চনা পরিষদের উদ্যোগে বিদ্যা ও সুরের দেবী সরস্বতীর আরাধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি কবিগুরু রবীন্দ্রনাথ সম্পর্কে বলেন, রবীন্দ্রনাথ ব্রহ্মবাদী হলেও সরস্বতী বন্দনাকে তিনি জ্ঞানের বন্দনা হিসেবে গ্রহণ করেছেন। তিনি সরস্বতীর বন্দনা করে অনেক কবিতা রচনা করেছেন। পাশ্চাত্যেও দেখা যায় অনেক বিখ্যাত কবি তাঁদের কবিতায় বিদ্যার দেবীর বন্দনা করেছেন, যেমন, মিল্টন, শেলী প্রমুখ। প্রধান অতিথি আরও বলেন, প্রতিটি ধর্মের মূল লক্ষ্য হলো ভালবাসার জয় ঘোষণা করা, মানবতাবাদ প্রতিষ্ঠা করা। তিনি যাঁরা জ্ঞান অর্জন করেন ও জ্ঞান অনুসারে চলেন, তাঁদেরকে প্রকৃত জ্ঞানী উল্লেখ করে বলেন, জ্ঞানের ভিত্তিই মানবতা। সেজন্য জ্ঞানীর চোখে মানুষের মধ্যে কোন ভেদাভেদ নেই। আমাদের এই বিশ্বকে তাই বাস উপযোগী করতে হলে মানুষের মৌলিক চাহিদা মেটাতে হবে এবং বিশ্বের সব মানুষকে অভিন্ন সত্তা হিসেবে দেখতে হবে। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী প্রসঙ্গে বলেন, এবিএম মহিউদ্দিন চৌধুরী বিশ্বাস করতেন সর্বধর্মের মূলবাণী বিশ্বশান্তি। অনুষ্ঠানে অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন ও জনাব বোরহানুল হাসান চৌধুরী সালেহিন। মিসেস হাসিনা মহিউদ্দিন তাঁর বক্তব্যে 'ধর্ম যার যার উৎসব সবার' উল্লেখ করে বলেন, এই সরস্বতী বন্দনার দিনে আমার প্রত্যাশা, যুগে যুগে এই প্রিমিয়ার ইউনিভার্সিটি থেকে শিক্ষার্থীরা অশেষ জ্ঞান অর্জন করে পৃথিবীর কল্যাণে নিয়োজিত হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগের প্রফেসর অমল ভূষণ নাগ, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী-সহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বাণী অর্চনা পরিষদের আহ্বায়ক ও সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস।

## *প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের 'অপরচুনিটিস ফর ইঞ্জিনিয়ার্স' শীর্ষক ওয়েবিনার*

*৪র্থ পৃষ্ঠার পর*

করতে চায় তাদের উচিৎ হবে গ্র্যাজুয়েশন-এর পাশাপাশি কিছু শর্টকোর্স করে নিজের দক্ষতাকে বাড়িয়ে নেওয়া। এসময় তিনি কোর্সএরা এবং উডেমির কথা উল্লেখ করে বলেন, এই মহামারির সময় এই দুইটি সাইট অনেকগুলো কোর্স ফ্রীতে অফার করছে। তাই সহজেই এখন ছাত্র-ছাত্রীরা এইসব শর্টকোর্স করতে পারবে। বিশেষ অতিথি প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, আমাদের যে-সকল শিক্ষার্থী দেশের বাইরে উচ্চশিক্ষা গ্রহণ করতে চায়, তাদের উচিৎ শিক্ষাজীবনের শেষদিক থেকেই তার প্রস্তুতি নেওয়া। কোন বিশ্ববিদ্যালয়ে যাবে, কোন্ বিষয়ে পড়ালেখা করবে তার একটা টার্গেট ঠিক করা। সময়মত জিআরই, আইএলটিএস-এর প্রস্তুতি নেওয়া। বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দীন মুন্নার সঞ্চালনায় ওয়েবিনারে সভাপতির বক্তব্যে টোটন চন্দ্র মল্লিক বলেন, আজকের প্রযুক্তির উৎকর্ষের দুনিয়ায় সবচেয়ে মূল্যবান বিষয় হচ্ছে তথ্য বা ইনফরমেশন। ফেসবুক লাইভ ও জুমে অনুষ্ঠিত হওয়া এই ওয়েবিনারে প্রশ্ন করার সুযোগ ছিল সকল শিক্ষার্থীর জন্য। প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষক/শিক্ষিকা ও শিক্ষার্থীসহ মোট ১৫০ জন অংশগ্রহণ করেন। *[দৈনিক আজাদী, ১৪.৭.২০২০, পৃষ্ঠা-২]*

# প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগে স্প্রিং-২০২০ সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম




হাজারী গলির প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে অর্থনীতি বিভাগের উদ্যোগে এই বিভাগের বিএসএস (অর্নাস) স্প্রিং সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ২৩ ফেব্রুয়ারি ২০২০, সকাল ১১ টায় অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী। তিনি তাঁর বক্তব্যে বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় সর্ম্পকে শিক্ষার্থীদের অবহিত করেন এবং বিশ্বের সাথে তাল মিলিয়ে জ্ঞান অর্জনের তাগিদ দেন। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিভাগের সহকারী অধ্যাপক জনাব বিদ্যুত কান্তি নাথ ও জনাব বদরুল হাসান আউয়াল, প্রভাষক উম্মে সালমা, ফারিয়া হোসেন বর্ষা ও জনাব সুদীপ দে। পরবর্তীতে ৩০-তম ব্যাচের কো-অর্ডিনেটর প্রভাষক উম্মে সালমা নবীনদের ইউনিভার্সিটি এবং বিভাগের নিয়ম কানুন সর্ম্পকে বিস্তারিত দিক নির্দেশনা দেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক অর্পিতা দত্ত। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ব্যবসা-প্রশাসন বিভাগের ওয়েবিনার

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ব্যবসা-প্রশাসন বিভাগের উদ্যোগে 'Online Higher Education in Post-Pandemic Era: Pedagogical Issues and Assessment Design' শীর্ষক এক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। এতে মূল বিষয়ের উপর বক্তব্য রাখেন অস্ট্রেলিয়ার Curtin University-এর স্কুল অব মার্কেটিং-এর সিনিয়র লেকচারার জনাব ড. ফজলুল কবির রাব্বানী। ওয়েবিনারটিতে মডারেটর হিসেবে ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের চেয়ারম্যান ও ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন জনাব মোহাম্মদ মঈনুল হক। ওয়েবিনারে বিভাগের বিভিন্ন ডিসিপ্লিনের কো-অর্ডিনেটররাও উপস্থিত ছিলেন। এতে উচ্চশিক্ষার ক্ষেত্রে করোনা পরবর্তী বাস্তবতায় ছাত্রছাত্রীদের মাঝে জ্ঞান ও দক্ষতা কিভাবে নিবিড় ও সুনিপুণভাবে প্রদান করা যায় তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অনলাইনে উচ্চশিক্ষা কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য বিভিন্ন মূল্যায়ন পদ্ধতিও এই আলোচনায় বিস্তারিতভাবে উঠে আসে। এই লাইভ প্রোগ্রামে ড. রাব্বানী বিভিন্ন দর্শক যারা মূলত উচ্চশিক্ষা প্রদানের সাথে জড়িত তাদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। ওয়েবিনারটিতে টেকনিক্যাল সাপোর্ট প্রদান করেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব সাইফুদ্দিন মুন্না। *[ দৈনিক আজদী, ১৮.৮.২০২০, পৃষ্ঠা-৩ ]*



# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত



১৬ মার্চ ২০২০, বিকেল ৩ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও শৃঙ্খলা কমিটির সভাপতি জনাব বোরহানুল হাসান চৌধুরী। উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সভায় ২৪ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শৃঙ্খলা নিয়ে আলোচনা হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শৃঙ্খলা বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং বিভিন্ন পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয়। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের সব প্রাঙ্গণ ও ক্ষেত্রকে আইটির আলোকে সুরক্ষা প্রদানেরও সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় শৃঙ্খলা কমিটির সদস্য হিসেবে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান এবং সদস্য সচিব হিসেবে প্রক্টর আহমদ রাজীব চৌধুরীও উপস্থিত ছিলেন।

## *বিশ্বকে ধীরে ধীরে মানবিক করা হচ্ছে*

*১ম পৃষ্ঠার পর*

এই বিশ্ব খুবই নিষ্ঠুর ছিল। দেশে দেশে ছিল নির্দয় প্রথা; যেমন, রাশিয়ায় ছিল ভূমিদাস প্রথা, ইউরোপে ছিল সামন্ত প্রথা, আমেরিকায় ছিল ক্রীতদাস প্রথা। এসব প্রথার কারণে সেসব দেশে মানুষের মানুষ হিসেবে বাঁচার অধিকার ছিল না, তাদের স্বাধীনতা ছিল না; তারা প্রতি পদে পদে ভয়ংকররূপে শোষিত ও নির্যাতিত হয়েছিল। কিন্তু বহু লোকের বহু ত্যাগ, আন্দোলন-সংগ্রাম ও যুক্তি-তর্ক উপস্থাপনের ফলে এসব প্রথা একসময় বিলুপ্ত হতে শুরু করে এবং পৃথিবী মানবিক হতে আরম্ভ করে। প্রধান অতিথি ড. অনুপম সেন বঙ্গবন্ধু প্রসঙ্গে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন ও মুক্তিযুদ্ধে নেতৃত্ব দেওয়া, বাঙালিকে স্বাধীনতা এনে দেওয়া প্রভৃতির মূলে কাজ করেছে তাঁর ভাষণগুলোতে অসাধারণ সব যুক্তি ও তর্ক উপস্থাপন। বিশেষ অতিথি প্রফেসর ড. তৌফিক সাঈদ তাঁর বক্তব্যে বিতর্ক উৎসবে অংশগ্রহণকারী সব বিতার্কিককে অভিনন্দন জানান। বিশেষ অতিথি এম. মঈনুল হক বলেন, যুক্তি ছাড়া বিতর্ক হয় না। বস্তুত যুক্তির উপর ভিত্তি করেই বিতর্ক এগিয়ে চলে। পিইউডিএস-এর মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি কাজী নুরুল হক। অনুষ্ঠানে বিতর্ক উৎসবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে চ্যাম্পিয়ন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও রানার আপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, কলেজ পর্যায়ে চ্যাম্পিয়ন হাজী মুহম্মদ মহসিন কলেজ ও রানার আপ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, স্কুল পর্যায়ে চ্যাম্পিয়ন কলেজিয়েট স্কুল চট্টগ্রাম ও রানার আপ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলকে পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ব্যবসা-প্রশাসন বিভাগের শিক্ষক সুজন কান্তি বিশ্বাস ও স্টিভ ডি রোজারিও, পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, মডারেটর হিল্লোল সাহা, মডারেটর নিলুফার সুলতানা, মডারেটর ফারিয়া হোসেন বর্ষা ও মডারেটর নুসরাত শারমিন প্রমুখ।

## *প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত*

*৩য় পৃষ্ঠার পর*

অধ্যাপক তানজিনা আলম চৌধুরী, সহকারী অধ্যাপক সাদাত জামান খান, সহকারী অধ্যাপক ফারজানা ইয়াসমিন চৌধুরী প্রমুখ। এছাড়া সদস্য সচিব প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান এবং প্রক্টর জনাব আহমদ রাজীব চৌধুরীও উপস্থিত ছিলেন। এই সভায় শিক্ষা উপমন্ত্রী এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমকে কিভাবে বিশ্বমানের ও কর্মোপযোগী করা যায়, সেই প্রস্তাব উত্থাপন করলে একাডেমিক কাউন্সিলের উপস্থিত সদস্যবৃন্দ তা নিয়ে দীর্ঘ ও অনুপুঙ্খ আলোচনা করেন। এছাড়াও বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয়ে অনলাইনের মাধ্যমে যে একাডেমিক কার্যক্রম পরিচালিত হচ্ছে, সেই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আরও আলোচিত হয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গাইডলাইন অনুসারে শিক্ষার্থীদের পরীক্ষা কিভাবে গ্রহণ করা হবে এবং কিভাবে ভর্তি কার্যক্রম পরিচালিত হবে তা নিয়ে।

## *'বঙ্গবন্ধু নিরন্তর সমাজ পরিবর্তনের চিন্তা করতেন'*

*১ম পৃষ্ঠার পর*

বঙ্গবন্ধুর আদর্শকে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দেয়ার উদ্দেশ্যে এই বিতর্ক উৎসবের সূচনা করেছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাত বরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যবর্গকে গভীরভাবে স্মরণ করেন।

তিনি 'বঙ্গবন্ধু নিরন্তর সমাজ পরিবর্তনের চিন্তা করতেন' উল্লেখ করে পিইউডিএস-এর বিতার্কিকদের উদ্দেশ্যে বলেন, সমাজ পরিবর্তনের জন্য বা যুক্তিনির্ভর সমাজ গঠনের জন্য গতানুগতিক অনুশীলনের বাইরে গিয়ে ভালো ভালো বিষয়ে বিতর্ক করতে হবে। এই বিতর্কের মাধ্যমে খুঁজে বের করতে হবে সমাধান। তিনি বিতার্কিকদের ক্রিটিক্যাল থিংকিং ও ডিসেন্টিং ওপেনিয়ন চর্চা করার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর চীফ মডারেটর জুলিয়া পারভিন। বিশেষ অতিথি ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, পিইউডিএস মুজিববর্ষ উপলক্ষে বঙ্গবন্ধু-পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের আয়োজন করায় তাদের অভিনন্দন জানাচ্ছি। আমরা চাই, এভাবে প্রিমিয়ার ইউনিভার্সিটি বুদ্ধিবৃত্তির চর্চার মিলনক্ষেত্র হয়ে উঠুক। বিশেষ অতিথি প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, বিতর্ক হচ্ছে বুদ্ধিবৃত্তির অন্যতম একটি দিক। বুদ্ধিবৃত্তির চর্চা ছাড়া বিতর্ক সম্ভব নয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর সাবেক সভাপতি সাবের শাহ্‌র সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী সালেহিন, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন মঈনুল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, মডারেটর হিল্লোল সাহা, মডারেটর মিনহাজ হোসাইন, মডারেটর নিলুফার সুলতানা, মডারেটর সাইফুদ্দিন মুন্না, মডারেটর ফারিয়া হোসেন বর্ষা, মডারেটর নুসরাত শারমিন ও মডারেটর শহীদুল আলম রোমেল প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন উপাচার্যের উপদেষ্টা ও প্রধান প্রকৌশলী জনাব মো. আবু তাহের, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম এবং ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউসার আলম প্রমুখ। উল্লেখ্য, এই বিতর্ক উৎসবে ২৪টি স্কুল বিতর্ক দল, ১৮টি কলেজ বিতর্ক দল ও ৩২টি বিশ্ববিদ্যালয় বিতর্ক দল অংশ নিচ্ছে। এই বিতর্ক উৎসব চলবে ১৭ মার্চ পর্যন্ত। উদ্বোধনী অনুষ্ঠান শেষে দিনব্যাপী স্কুল ও কলেজ পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ১৭ মার্চ স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী পর্ব অনুষ্ঠিত হবে।

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্থাপত্য বিভাগে প্রজেক্ট প্রদর্শনী ও সেমিনার

সম্প্রতি দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে এই ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের উদ্যোগে স্টুডিও প্রজেক্ট প্রদর্শনী ও সেমিনারের আয়োজন করা হয়েছে। ১৫ ও ১৬তম ব্যাচের ১ম ও ২য় সেমিস্টারের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত প্রদর্শনী ও সেমিনারে সভাপতিত্ব



করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম. শাকুর। উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর স্থাপত্য বিভাগের অধ্যাপক, খ্যাতিমান স্থপতি ড. কাজী আজিজুল মাওলা, প্রবীণ স্থপতি বিধান বড়ুয়া, সহযোগী অধ্যাপক আশিকুর রহমান, প্রভাষক আলী আকবর রাজন, প্রভাষক ওবাইদুল হক, প্রভাষক মাহফুজ আলম ও প্রভাষক মাঈনুল হাসান প্রমুখ। প্রদর্শনীর তত্ত্বাবধানে ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের শিক্ষক রাবেয়া নুসরাত নিভা ও নোবেল মল্লিক। প্রদর্শনীতে স্থাপত্য বিভাগের ডিজাইন স্টুডিও ১ ও ২-এর সকল প্রজেক্ট স্থান পায়। ড. কাজী আজিজুল মাওলা প্রদর্শনী পরিদর্শন করেন। পরে তিনি সেমিনারে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের শিক্ষার্থীরা ভালো কাজ করছে, কাজের প্রতি তাদের মনোযোগ তাদের কাজের মধ্য দিয়ে প্রকাশ পাচ্ছে। এই একাগ্রতাকে ধরে রাখতে হবে। তিনি 'কাজের দক্ষতার সাথে বোধগম্যতাও অর্জন করতে হয়' উল্লেখ করে বলেন, শিক্ষার্থীরা পরিশ্রম ও একনিষ্ঠতাকে ধরে রাখতে পারলে ভবিষ্যতে সাফল্যের সঙ্গে কর্মজীবনে প্রবেশ করতে পারবে। তিনি থিসিস ব্যাচের শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, কাজের দক্ষতা ক্রমশ বৃদ্ধি করতে হবে, যাতে অনায়াসে সামনে এগিয়ে যাওয়া যায়। [ দৈনিক পূর্বদেশ, ২৪.১.২০২০, পৃষ্ঠা-২]

প্রিমিয়ার ইউনিভার্সিটির ১৯ বছর পূর্তি উপলক্ষে 'ইউনিভার্সিটি ডে' উদযাপন

# প্রিমিয়ার ইউনিভার্সিটি বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়

জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রাঙ্গনে প্রিমিয়ার ইউনিভার্সিটির ১৯ বছর পূর্তি ও ২০ বছরে পদার্পণ উপলক্ষে 'ইউনিভার্সিটি ডে-২১ জানুয়ারি' উদযাপন করা হয়েছে।




২১ জানুয়ারি ২০২০, সকাল ১১ টায় বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে 'ইউনিভার্সিটি ডে-২১ জানুয়ারি' উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন ও জনাব বোরহানুল হাসান চৌধুরী সালেহিন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা মানবতাবাদী রাজনৈতিক নেতা প্রয়াত মেয়র আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী। তিনি অনুভব করেন, চট্টগ্রাম ও চট্টগ্রামের মানুষকে এগিয়ে নিতে হলে শিক্ষাক্ষেত্রেই এগিয়ে নিতে হবে। এই অনুভব থেকে তিনি অনেক স্কুল ও কলেজ প্রতিষ্ঠা করেন। পরে, ২০০১ সালে, চট্টগ্রামে আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয় গড়ার স্বপ্ন থেকে স্ব-উদ্যোগে প্রতিষ্ঠা করেন প্রিমিয়ার ইউনিভার্সিটি। তিনি 'প্রিমিয়ার ইউনিভার্সিটি গড়ার ক্ষেত্রে আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীর অপরিসীম পরিশ্রম ও দুঃখ-বেদনার ইতিহাস' ব্যক্ত করে বলেন, এই ইউনিভার্সিটির মান উন্নয়নে এবিএম মহিউদ্দিন চৌধুরী নিরন্তর ভাবতেন ও এই ইউনিভার্সিটিকে সময় দিতেন। জীবনের শেষ দিনেও তিনি এই ইউনিভার্সিটিতে সভা করেছিলেন। প্রধান অতিথি 'অক্সফোর্ড প্রভৃতি ইউনিভার্সিটির মতো হাজার বছর প্রিমিয়ার ইউনিভার্সিটি টিকে থাকবে' এই আশাবাদ ব্যক্ত করে বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি এখন বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়। আমার বিশ্বাস, বাংলাদেশকে শিক্ষায় এগিয়ে নেয়ার ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয় ও এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্রমশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে। বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন বলেন, স্বনামে ও সগৌরবে প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠিত। বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী সালেহিন শিক্ষার্থীদের খুবই আন্তরিকভাবে শিক্ষাদানের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষকদের প্রতি আহ্বান জানান। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, ব্যবসা-প্রশাসন বিভাগের প্রফেসর অমল ভূষণ নাগ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান স্থপতি সোহেল এম. শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াছমিন চৌধুরী ও স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক সাদিকা সুলতানা চৌধুরী প্রমুখ। উল্লেখ্য, 'ইউনিভার্সিটি ডে-২১ জানুয়ারি' উদযাপন অনুষ্ঠান বেলুন উড়িয়ে উদ্বোধন করেন প্রধান অতিথি উপাচার্য ড. অনুপম সেন। অনুষ্ঠানের এক পর্যায়ে কেক কাটা হয়।

## জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামানের মৃত্যুতে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের শোক

জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন। প্রফেসর আনিসুজ্জামানের সঙ্গে তাঁর দীর্ঘ ষাট বছরের সম্পর্ক ছিল। প্রফেসর আনিসুজ্জামান কেবলমাত্র তাঁর শিক্ষকই ছিলেন না, ঢাকা বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে তাঁর সহকর্মীও ছিলেন। ১৯৬৯ সালে তাঁরা দুজনেই ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এসে শিক্ষকতায় ব্রতী হন। ১৯৭১ সালের মুক্তিসংগ্রামেও তাঁরা দুজনে একত্রে ছিলেন। স্বাধীনতাত্তোরকালেও তাঁরা একই সঙ্গে মুক্তিযুদ্ধের আদর্শকে সমুন্নত রাখার জন্য বিভিন্ন কর্মযজ্ঞে অংশগ্রহণ করেছেন। ড. সেন বলেন, অধ্যাপক আনিসুজ্জামান যথার্থ অর্থেই একজন মুক্তচিন্তার অধিকারী মানবপ্রেমিক পণ্ডিত ছিলেন। তাঁর মৃত্যুতে জাতি অপূরণীয় ক্ষতির সম্মুখীন হলো। ড. আনিসুজ্জামানের মৃত্যুতে আরও শোক জানিয়েছেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। *[ দৈনিক পূর্বকোণ-১৫.৫.২০২০, পৃষ্ঠা-৩ ]*

## *প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্থাপত্য বিভাগে 'ডিজিটাল ফেব্রিকেশন এন্ড রোবোটিক কন্সট্রাকশন' বিষয়ে সেমিনার*

*৩য় পৃষ্ঠার পর*

স্থাপত্য বিভাগের পঞ্চম বর্ষের কোর্স 'এনভায়রনমেন্টাল ডিজাইন'-এর উদ্যোগে 'ওয়েবিনার ডিসকোর্স সিরিজ'-এর প্রথম পর্ব অনুষ্ঠিত হয়। এই পর্বে আমন্ত্রিত বক্তা ছিলেন ইন্সটিটিউট ফর এডভান্সড আর্কিটেকচার অব ক্যাটালোনিয়া, স্পেন থেকে এডভান্সড আর্কিটেকচারে উচ্চতর ডিগ্রী অর্জনকারী ও বর্তমানে ডিজিটাল ফেব্রিকেশন এন্ড রোবোটিক কন্সট্রাকশন-এর উপর গবেষণারত স্থপতি নুসরাত তাবাসসুম। তিনি 'ডিজিটাল ফেব্রিকেশন এন্ড রোবোটিক কন্সট্রাকশন এজ এ ফিউচার বিল্ডিং সলিউশন' বিষয়ের উপর লেকচার প্রদান করেন। পরে বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে পরিবেশবান্ধব স্থাপত্যচর্চায় নিত্য নতুন প্রযুক্তির ব্যবহার ও ভবিষ্যতে বাংলাদেশে এসব কৌশল অবলম্বনের সম্ভাবনা নিয়ে প্রশ্নোত্তর পর্বে উপস্থিত বক্তা, সকল অতিথি, স্থপতি, শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে বিস্তারিত কথোপকথন হয়। স্থাপত্য বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম শাকুর পুরো অনুষ্ঠানে উপস্থিত থেকে আলোচনার বিষয়বস্তু পরিচালনা করেন এবং ছাত্রছাত্রী ও সকল শিক্ষককে উৎসাহ প্রদান করেন যেন বিভাগের শিক্ষা কার্যক্রমেও পরিবেশবান্ধব স্থাপত্যচর্চা করা হয় বর্তমান যুগের মান বজায় রেখে। তিনি আমন্ত্রিত বক্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ভবিষ্যতেও বিভাগের উন্নয়ন কার্যক্রমে পাশে থাকার আহবান জানান। সেই সাথে 'ওয়েবিনার ডিসকোর্স সিরিজ'-এর সফলতা কামনা করেন। আলোচনায় আরো অংশগ্রহণ করেন স্থপতি মো. ওবায়দুল হক, স্থপতি জায়েদি আমান, স্থপতি নাবিলা নুশাইরা রহমান, বিভাগের সহযোগী অধ্যাপক স্থপতি আশিকুর রহমান, স্থপতি মাইনুল হাসান, স্থপতি আব্বাসী খানম ও স্থপতি শেখ মাহফুজ আলম প্রমুখ। *[ দৈনিক আজাদী, ১৩.৭.২০২০, পৃ: ৩ ]*

# প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থ কমিটি কর্তৃক ২০২০-২১ সালের বাজেট অনুমোদন

১৪ সেপ্টেম্বর ২০২০, সকাল ১১ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব



ট্রাস্টিজের মাননীয় সদস্য ও অর্থ কমিটির সভাপতি মিসেস হাসিনা মহিউদ্দিন। উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ প্রফেসর ড. অনুপম সেন। সভায় প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থ কমিটি কর্তৃক ২০২০-২১ সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হয়। এই বাজেটে গবেষণার জন্য প্রায় দেড় কোটি টাকা নির্ধারণ করা হয়েছে, যা শিক্ষক ও মেধাবি শিক্ষার্থীরা গবেষণার জন্য পাবেন। এছাড়াও বিশেষ বরাদ্দ রয়েছে বই ও আন্তর্জাতিক জার্নালসমূহ ক্রয় করার জন্য। বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন ও মেরামতের জন্য বরাদ্দ ধরা হয়েছে ১৫ কোটি ৯৫ লক্ষ টাকা। সভায় চলতি অর্থ বছরের (২০২০-২০২১) জুলাই ও আগস্ট মাসের এবং ২০১৯-২০২০ অর্থ বছরের প্রাপ্তি ও প্রদান হিসাবও উপস্থাপন করা হয়। সভায় অর্থ কমিটির সদস্য হিসেবে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ. কে. এম তফজল হক, সাবেক এমপি মিসেস সাবিহা মুসা, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম মঈনুল হক ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী উপস্থিত ছিলেন। এছাড়া আরও উপস্থিত ছিলেন অ্যাকাউন্টস অফিসার রাজিব কুমার বৈদ্য ও শিহাব উদ্দিন কবির প্রমুখ।

## *চসিক মেয়র পদপ্রার্থী বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিমের সৌজন্য সাক্ষাৎ*

*১৬পৃষ্ঠার পর*

সুস্বাস্থ্য ও দীর্ঘ জীবন কামনা করেন। ড. অনুপম সেন মেয়র পদপ্রার্থী হিসেবে রেজাউল করিম সাহেবের সাফল্য ও তাঁর জীবনের মঙ্গল কামনা করেন এবং আশা পোষণ করেন, মেয়র নির্বাচিত হয়ে তিনি চট্টগ্রামবাসীর সার্বিক মঙ্গলে নিজেকে নিয়োজিত রেখে চট্টগ্রামের নগর-জীবনের বিপুল উন্নয়ন সাধন করবেন; চট্টগ্রামকে পরিপূর্ণ বাসযোগ্য নগর হিসেবে গড়ে তোলার জন্য সর্বোত চেষ্টা অব্যাহত রাখবেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, মহানগর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক হাসান মাহমুদ শমসের, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর পদপ্রার্থী মো. সালাউদ্দিন, মো. বেলাল, গাজী শফিউল আলম ও নুরুল আলম মিয়া প্রমুখ।

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে 'আইনি পেশা পরিবর্তনের ভূমিকা : চ্যালেঞ্জ এবং সুযোগ' শীর্ষক ওয়েবিনার

# রাষ্ট্রব্যবস্থা যখন শুরু হয়, তখন থেকে আইনেরও প্রচলন

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে এই বিভাগের উদ্যোগে 'আইনি পেশা পরিবর্তনের ভূমিকা : চ্যালেঞ্জ এবং সুযোগ' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। ২১ অক্টোবর ২০২০, অনুষ্ঠিত ওয়েবিনারে উদ্বোধক ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রধান আলোচক ছিলেন জাতীয় মানবাধিকার কমিশন-বাংলাদেশের সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. মিজানুর রহমান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট ড. নাঈম আহমেদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আবদুল্লাহ আল ফারুক, বান্দরবান জেলার চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (অতিরিক্ত জেলা জজ) জনাব মোহাম্মদ মাহাবুবুর রহমান, বাংলাদেশ সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট, আইনি সার্কেলের প্রতিষ্ঠাতা ও অংশীদার ব্যারিস্টার অনিতা গাজী রহমান। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী। বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাসের সঞ্চালনায় ওয়েবিনারে উদ্বোধকের বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, রাষ্ট্রব্যবস্থা যখন শুরু হয়, তখন থেকে আইনেরও প্রচলন হয়। তার আগে অর্থাৎ প্রাক রাষ্ট্রব্যবস্থায় আইন ছিল না। তখন প্রথার মাধ্যমে সমাজ পরিচালিত হতো। রাষ্ট্রব্যবস্থার সঙ্গে সঙ্গে আইনের প্রচলন হওয়ার পর থেকে মানুষের প্রয়োজনে আইন বিবর্তিতও হচ্ছে। তিনি বলেন, আইনের ইতিহাস অতি প্রাচীন হলেও এখনও পর্যন্ত বিশ্বের অনেক উপজাতীয় সমাজে রাষ্ট্রীয় কাঠামো গড়ে উঠেনি; সেসব সমাজ এখনও প্রথার মাধ্যমে পরিচালিত হচ্ছে। তবে তারা প্রথা থেকে বেরিয়ে আইনের আওতায় আসছে। এখন সমাজ দ্রুত পরিবর্তিত হচ্ছে। সমাজে এখন প্রযুক্তি একটা বড়ো স্থান করে নিচ্ছে। প্রযুক্তির নিত্য-নতুন আবিষ্কারের সঙ্গে তাল রেখে সেইসব প্রযুক্তির ব্যবহারকে নিয়ন্ত্রণে রাখতে নতুন নতুন আইন সৃষ্টি হচ্ছে, সৃষ্টি হওয়া প্রয়োজন। তিনি প্রাচ্য ও পাশ্চাত্য আইনের ইতিহাস বর্ণনা করে বলেন, আমাদের দেশে এখনও আইনের সুফল সব মানুষ পাচ্ছে না। এখনও বিচারের বাণী নীরবে, নিভৃতে কাঁদে। প্রধান আলোচক ড. মিজানুর রহমান বলেন, আইনজীবীদের পেশা কেমন, আইনজীবীরা কেমন ও আদালত কেমন সবকিছু নির্ভর করে শেষ বিচারে আইনের শিক্ষা কিভাবে পরিচালিত হয় তার উপর। তাই আইনের শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আইনের শিক্ষা শিক্ষার্থীরা যেভাবে পাবে সেভাবেই আইনের শিক্ষা পরিচালিত হবে; এটাই স্বাভাবিক। তাই আইনের সুফল যাতে সব মানুষ পায়, সে-ধরনের আইন প্রণয়নে দৃষ্টি নিবদ্ধ করা দরকার। আইনের সঙ্গে যাঁরা ওতপ্রোতভাবে জড়িত আছেন, একাজ তাঁদেরকেই করতে হবে। তিনি আরও বলেন, সমাজ থেকে আইনকে পৃথক করে তাত্ত্বিক দুনিয়ায় আইনকে আবদ্ধ করে রাখলে সমাজ উপকৃত হবে না। আইন হতে হবে সমাজ ও মানুষের প্রয়োজনে। প্রধান আলোচক আইনের শিক্ষক হিসেবে তাঁর চার দশকের অভিজ্ঞতার কথাও বর্ণনা করেন। ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীসহ অনেকেই অংশগ্রহণ করেন।




## ইংরেজির মাধ্যমে বিশ্বসাহিত্য আমাদের কাছে পরিচিত

৭ পৃষ্ঠার পর

তোলেন। তিনি আরো বলেন, ইংরেজদের রক্তাক্ত ইতিহাসের একটি উল্লেখযোগ্য উজ্জ্বল দান হল এই ইংরেজি ভাষা, যা এখন বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ ভাষায় পরিণত হয়েছে। ইংরেজি ভাষার মাধ্যমেই বিশ্বসাহিত্যের জ্ঞানের ভাণ্ডার আজ আমাদের কাছে পরিচিত। তিনি নবীন ও বিদায়ী ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে জীবনযুদ্ধে জয়ী হওয়ার আশাবাদ ব্যক্ত করেন। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী সালেহীন। তিনি তাঁর বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা মরহুম আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীর অবদান ও স্বপ্নের কথা উল্লেখ করে ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন এবং ইংরেজি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রফেসর ড. মোহীত উল আলম। তিনি বলেন, ইংরেজি ভাষার ওপর দখল মূলত একজন ছাত্রের সম্মুখে বিশ্বসাহিত্য ও সংস্কৃতির দ্বার উন্মোচন করে দেয়। অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ২৯তম ব্যাচের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক সারাহ ইশিতা, ৩৬তম ব্যাচের কো-অর্ডিনেটর প্রভাষক জয়নব তাবাসসুম বানু, সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম এবং সহকারী অধ্যাপক শাহনাজ পারভিন। ২৯, ৩০ এবং ৩৬ তম ব্যাচ থেকেও একজন করে প্রতিনিধি বক্তব্য দিয়ে তাঁদের অভিজ্ঞতা ও আকাঙ্ক্ষার কথা প্রকাশ করেন। ২৯ তম ব্যাচের ছাত্রছাত্রী আফিফা ও শাহরুখের উপস্থাপনায় অনুষ্ঠানে নবীনদের মাঝে ফুল এবং বিদায়ী ছাত্রছাত্রীদের মাঝে ক্রেস্ট বিতরণ করা হয়। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বোর্ড অব ট্রাস্টিজের সভা অনুষ্ঠিত

৩য় পৃষ্ঠার পর

মোরশেদ আলম ও বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ব্যারিস্টার বিপ্লব বড়ুয়ার কাকা শিক্ষাবিদ জিনানন্দ মহাথের এবং সদ্য প্রয়াত জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান, প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী, জননেতা বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নাসিম, ভাষাসৈনিক ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক প্রখ্যাত সাংবাদিক কামাল লোহানী, বীর মুক্তিযোদ্ধা ও ধর্ম প্রতিমন্ত্রী জনাব এডভোকেট শেখ মোহাম্মদ আবদুল্লাহ, সাবেক স্বরাষ্ট্র মন্ত্রী এডভোকেট সাহারা খাতুন, মহামান্য রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব ও অনুজ বীর মুক্তিযোদ্ধা জনাব আবদুল হাই-এর মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ করে শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। এই সভায় ১১ জুলাই অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল ও ১৮ জুলাই অনুষ্ঠিত সিন্ডিকেট সভার কার্যবিবরণী পুঙ্খানুপুঙ্খভাবে আলোচিত হয়ে অনুমোদিত হয়। সিন্ডিকেট সভায় ও একাডেমিক কাউন্সিলের সভায় বিশ্ববিদ্যালয়ে বর্তমানে যে-একাডেমিক কার্যক্রম অনলাইনের মাধ্যমে পরিচালিত হচ্ছে, তা নিয়ে আলোচনার পর এই সভায় এই বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে কিভাবে আরও বেশি কর্মোপযোগী করা যায় তা নিয়ে বিশদ আলোচনা হয়। এই আলোচনায় বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, বিশিষ্ট সংস্কৃতিকর্মী জনাব নাসির উদ্দিন ইউসুফ, জনাব রেমন্ড আরেং এবং জনাব বোরহানুল হাসান চৌধুরী সালেহিন অংশ নেন। তাঁরা এই বিষয়ে বিভিন্ন ধরনের প্রস্তাব উত্থাপন করেন। প্রস্তাবসমূহের মূলে ছিল, বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা নিয়ে জীবনক্ষেত্রে প্রবেশ করে এখন অনেকেই তাঁদের শিক্ষা অনুযায়ী কর্ম বা চাকরি পাচ্ছেন না। এইজন্য এই শিক্ষাকে কিভাবে আরও কর্মোপযোগী করা যায় তা নিয়ে ভাবতে হবে এবং তাঁদের পঠিত বিষয়সমূহের সঙ্গে বিভিন্ন ধরনের সহশিক্ষার ডিপ্লোমা কোর্স, সার্টিফিকেট কোর্স ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের পাঠ্যতালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। এইসব সহশিক্ষার বিষয়, যেমন, সিসকো, যা প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পরিচালিত হচ্ছে, সেই ধরনের বিষয়াদি প্রশিক্ষণ দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ে একটি প্রফেশনাল টেকনিক্যাল সেন্টার প্রতিষ্ঠার নীতিগত প্রস্তাবও গ্রহণ করা হয়।

ড. অনুপম সেন বাংলাদেশ আওয়ামী লীগের দপ্তর উপ-কমিটির চেয়ারম্যান মনোনীত

# প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রাক্তন শিক্ষার্থীদের সৌজন্য সাক্ষাৎ

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বাংলাদেশ আওয়ামী লীগের দপ্তর উপ-কমিটির চেয়ারম্যান মনোনীত হওয়ায় তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের একদল প্রাক্তন শিক্ষার্থী। ০৪ নভেম্বর ২০২০, সকাল ১১ টায় তাঁরা প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে তাঁর প্রিমিয়ার ইউনিভার্সিটি কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় তাঁরা ড. সেনকে পুষ্পস্তবক প্রদান করে অভিনন্দন জানান।



তাঁরা ড. সেনের কর্মময় জীবনের সাফল্য কামনা করেন। ড. অনুপম সেন বলেন, তাঁরা প্রিমিয়ার ইউনিভার্সিটি থেকে আইন শিক্ষা সম্পন্ন করে আইনজীবী হিসেবে কর্মক্ষেত্রে বিশেষত, আদালতে আইনের যে-পেশায় নিয়োজিত রয়েছেন তাতে সার্থকতা অর্জন করবেন বলে আমি মনে করি। বিশেষভাবে এই পেশাকে তাঁরা মানবিক পেশা হিসেবে গ্রহণ করে দেশের মঙ্গলে নিয়োজিত থাকবেন এটাই আমার কামনা। এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সদস্য, তরুণ আওয়ামী লীগ-নেতা এডভোকেট এস. এম. রাশেদ চৌধুরী, এডভোকেট এইচ. আর. নাজমি ডেভিড, এডভোকেট পার্থ নন্দী, এডভোকেট সঞ্জয় মহাজন, এডভোকেট রাজীব ভট্টাচার্য, এডভোকেট এস. এম. দিদার, মোস্তফিজুর রহমান, আকাশ নাথ, আবুল হাসনাত তালুকদার, শুভ আইচ, পঙ্কজ বিশ্বাস, স্বরূপ বিশ্বাস ও তৌহিদুল ইসলাম প্রমুখ।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত

# ১৫ আগস্ট ইতিহাসের এক কলঙ্কিত অধ্যায়

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে জিইসি মোড়ে এই ইউনিভার্সিটির কেন্দ্রিয় মসজিদে ১৫ আগস্ট ২০২০, বাদে জোহর



খতমে কোরান, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার অধ্যাপক একেএম তফজল হক, উপাচার্যের উপদেষ্টা ও চীফ ইঞ্জিনিয়ার জনাব মো. আবু তাহের, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান ও প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। প্রিমিয়ার ইউনিভার্সিটির অন্যান্য শিক্ষক-কর্মকর্তা-কর্মচারিবৃন্দও এতে অংশ নেন। মিলাদ মাহফিলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তি কামনায় মোনাজাত করা হয়। মোনাজাতের পূর্বে ট্রেজারার অধ্যাপক একেএম তফজল হক জাতির জনকের জীবনের বিভিন্ন দিক সম্পর্কে আলোকপাত করে বলেন, আজ শোকাবহ ১৫ আগস্ট। বাঙালি জাতির শোকের দিন। ১৯৭৫ সালের এইদিনে স্বাধীন বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা, বাঙালির মহানায়ক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে নির্মম-নিষ্ঠুরভাবে হত্যা করেছিল মতালোভী নরপিশাচ কুচক্রী মহল; সৃষ্টি করেছিল ইতিহাসের এক কলঙ্কিত অধ্যায়। আমরা আজ অশ্রুসজল নয়নে এখানে মিলিত হয়েছি সেই দিনটিকে স্মরণ করার জন্য, জাতির পিতাকে শ্রদ্ধা জানানোর জন্য। তিনি উল্লেখ করেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চেয়েছিলেন ক্ষুধা ও দারিদ্রমুক্ত বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠা করতে। তিনি বাংলাদেশের জনগণের মুক্তির স্বপ্ন দেখেছিলেন। তাঁর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে ক্ষুধা ও দারিদ্রকে জয় করে বিশ্বসভায় আজ একটি উন্নয়নশীল, মর্যাদাবান দেশ হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশ। সারা বিশ্বে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল। দোয়া, মিলাদ মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রিয় মসজিদের ইমাম হাফেজ মুহাম্মদ মঈনুদ্দিন ও মাওলানা বোরহান উদ্দিন হোসাইনি।

## *বিতর্ককে শিল্পের পথে নিয়ে যেতে কাজ করছে পিইউডিএস*

*৩য় পৃষ্ঠার পর*

গুরুত্বপূর্ণ। একটা বিশ্ববিদ্যালয়কে এগিয়ে যেতে হলে পড়ালেখার পাশাপাশি সংস্কৃতিচর্চা, বিতর্কচর্চাও দরকার। বিতর্কচর্চা একটা মানুষের মধ্যে যুক্তিবোধ ও ভ্রাতৃত্ববোধ তৈরি করে। তিনি আরও বলেন, পিইউডিএস ১০ বছরে পদার্পণ করেছে। এই সময়ের মধ্যে সংগঠনটির বিতার্কিকরা জাতীয় ও আন্তর্জাতিকভাবে বিভিন্ন বিতর্ক প্রতিযোগিতায় অংশ নিয়ে কৃতিত্ব অর্জনের মাধ্যমে প্রিমিয়ার ইউনিভার্সিটির সুনাম বৃদ্ধি করেছে। এটা গর্বের ব্যাপার। অতিথির বক্তব্যে প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, পিইউডিএস ক্রমশ সাফল্যের স্বাক্ষর রাখছে। আমি বিশ্বাস করি, সংগঠনটি সাফল্যের এই ধারাবাহিকতা ধরে রাখতে পারবে। অতিথির বক্তব্যে ব্যবসা-প্রশাসন অনুষদের ডিন এম. মঈনুল হক বিতর্কচর্চার বিভিন্ন উপকারিতার কথা বর্ণনা করে বলেন, আমার আশা, পিইউডিএস ভালো ভালো বিতার্কিক তৈরি করবে। পিইউডিএস-এর সাবেক সভাপতি তানভির আহমেদ সিদ্দিকির সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সহকারী প্রক্টর রকিবুল হোসাইন, পিইউডিএস-এর মডারেটর ফারিয়া হোসেন বর্ষা, মডারেটর নুসরাত শারমিন প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন সময়ে জাতীয় ও আন্তর্জাতিকভাবে বিতর্ক প্রতিযোগিতার মাধ্যমে পিইউডিএস-এর অর্জিত সম্মাননাগুলো প্রদর্শন করা হয়। এছাড়া ভিডিও এবং আলোকচিত্রের মাধ্যমে পিইউডিএস-এর বিভিন্ন কর্মকাণ্ড তুলে ধরা হয়। পিইউডিএসকে শুভেচ্ছা জানাতে অনুষ্ঠানে উপস্থিত হন চট্টগ্রামের প্রথিতযশা বিতর্ক সংগঠনসমূহের নেতৃস্থানীয় সদস্যবৃন্দ। শেষে বিভিন্ন ধরনের প্রদর্শনী বিতর্ক ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## *প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সিন্ডিকেট সভা অনুষ্ঠিত*

*৪র্থ পৃষ্ঠার পর*

পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ভার্চুয়াল ক্লাসরুম ও অন্যান্য ক্লাসরুমে শিক্ষা বিষয়ক ফ্যাসিলিটি অর্থাৎ শিক্ষা উপকরণ বর্ধিতকরণের সিদ্ধান্তও নেওয়া হয়। এছাড়া বিগত ১১ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। সভায় সিন্ডিকেটের সদস্য হিসেবে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমাজবিজ্ঞান ও কলা অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ এবং ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন অ্যাসোসিয়েট প্রফেসর এম. মঈনুল হক। সদস্য সচিব হিসেবে প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমানও উপস্থিত ছিলেন। এই সভার সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্ম প্রধান কাজী মনিরুল ইসলাম এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আবদুল্লাহ আল ফারুক সিন্ডিকেটের সদস্য হিসেবে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত ছিলেন।

# প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে 'আন্তর্জাতিক ওয়েবিনার ডিস্কোর্স সিরিজ'-এর দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত

একটি দেশের শত বছরের ইতিহাসের স্বাক্ষী হয়ে থাকে সেদেশের ঐতিহ্যবাহী স্থাপত্যসমূহ। মানুষের বসবাসের রীতিনীতি, সংস্কৃতির ধারক ও বাহক এই স্থাপত্যগুলো থেকে জানা যায় পুরনো স্থাপত্যকলার নান্দনিক সব কৌশল।





বাংলাদেশের ঐতিহ্যবাহী নগরী চট্টগ্রামে রয়েছে বহুকাল ধরে এই নগরীর ইতিহাস লালন করা বহু স্থাপত্যকলা যা কালের পরিক্রমায় আজ হারিয়ে যেতে বসেছে। এই স্থাপনাগুলো রক্ষা করবার জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের রয়েছে সুদূরপ্রসারী পরিকল্পনা। এরই ধারাবাহিকতায় ২১ জুন ২০২০, প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে 'আন্তর্জাতিক ওয়েবিনার ডিস্কোর্স সিরিজ'-এর দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয়েছে। এতে 'হেরিটেজ কনজারভেশন এন্ড ডিজাইন'-এর উপর বিভিন্ন বিষয়ে উইবিনার লেকচার প্রদানের জন্য আন্তর্জাতিক স্থপতি ও গবেষকদের আমন্ত্রণ জানানো হয়। প্রধান বক্তা ছিলেন ভারতীয় স্বনামধন্য স্থপতি এবং ভীবেকানন্দ গ্লোবাল ইউনিভার্সিটি (VGU) এর স্থাপত্য অনুষদের প্রফেসর এবং ডিন স্থপতি কাভিতা জেইন। প্রফেসর কাভিতা বিগত ২৩ বছর ধরে তাঁর স্বামী নিশ্চাল জেইন-এর সাথে দি ফর্মস (The Forms) নামক আর্কিটেকচারাল প্রতিষ্ঠানের মধ্য দিয়ে নিরলস কাজ করে যাচ্ছেন বিভিন্ন মাধ্যমে, যেমন আর্কিটেকচারাল ডিজাইন, ইন্টেরিয়র ডিজাইন, হেরিটেজ কনজার্ভেশন, ল্যান্ডস্কেপ এবং আরবান প্ল্যানিং ইত্যাদি। তাঁদের কাজের মধ্য দিয়ে জাতীয় এবং আন্তর্জাতিক অঙ্গনে তাঁরা বিভিন্নভাবে স্বীকৃত হয়েছেন। পত্রপত্রিকায় নিয়মিতভাবে তাঁদের কাজ প্রকাশিত হয়ে চলেছে। ভারতের বিভিন্ন স্থানে হেরিটেজ কনজারভেশন নিয়ে এই স্থপতি যুগলের কাজ বেশ প্রশংসনীয়। 'আন্তর্জাতিক ওয়েবিনার ডিস্কোর্স সিরিজ'-এর দ্বিতীয় পর্বে তিনি তুলে ধরেছেন তাঁর বিভিন্ন কাজের নিদর্শন। ডিস্কোর্সে আগত সকল অংশগ্রহণকারীদের অবাক এবং অনুপ্রাণিত করেছেন তাঁর সৃষ্টিশীল কর্মযজ্ঞ উপস্থাপনের মাধ্যমে। কিভাবে ঐতিহাসিক স্থাপনাগুলো কনজারভেশন এবং প্রিজারভেশন-এর মাধ্যমে আগামী প্রজন্মের জন্য রক্ষা করা যায় তা দেখিয়েছেন তাঁর সুচারু কর্মদক্ষতার মাধ্যমে। স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল মোহাম্মদ শাকুর-এর সার্বিক পরিচালনায়, প্রভাষক ও স্থপতি প্রিনিয়া আব্বাসী খানম-এর মডারেশনে এই পর্বে উপস্থিত ছিলেন স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রী, শিক্ষকবৃন্দ এবং দেশ ও দেশের বাহিরের বিভিন্ন স্বনামধন্য স্থপতিবৃন্দ। বিভাগের চেয়ারম্যান তাঁর বক্তব্যে চট্টগ্রামের ঐতিহ্য রক্ষায় প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের 'হেরিটেজ ল্যাব'-এর কথা উল্লেখ করে ইতোমধ্যে এই বিভাগে অনুষ্ঠিত নানাবিধ দেশীয় ও আন্তর্জাতিক কোলাবরেশন প্রোগ্রামের কার্যবিধি ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। আরও বক্তব্য রাখেন স্বনামধন্য স্থপতি ও শিক্ষাবিদ নুরুর রহমান খান। তিনি বাংলাদেশের হেরিটেজ এবং কনজারভেশন নিয়ে আমন্ত্রিত ভারতীয় বক্তাদের সামনে তুলে ধরেন বিভিন্ন প্রতিকূলতা ও উত্তরণের পথ। এই পর্বে উপস্থিত ছিলেন ভারত, পাকিস্তান, শ্রীলংকা, মিশর, তুর্কি এবং যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের আমন্ত্রিত স্থপতিবৃন্দ। সার্বিক সহযোগিতায় ছিলেন সহযোগী অধ্যাপক ও স্থপতি আশিকুর রহমান, সহকারী অধ্যাপক ও স্থপতি হোসেন মুরাদ, প্রভাষক ও স্থপতি কুহেলী চৌধুরী। সার্বিক তত্ত্বাবধানে সহায়তা করেছেন যুক্তরাষ্ট্রে পিএইচডি অধ্যয়নরত স্থপতি জায়েদী আমান এবং স্থাপত্য বিভাগের প্রভাষক ও স্থপতি ওবায়দুল হক।

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে শ্রমিকদের অধিকার বিষয়ক প্রদর্শনী

# কোলের শিশু কাজের মাঠে, এ শ্রম কি মানবিক?

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে আয়োজিত শ্রমিকদের অধিকার বিষয়ক প্রদর্শনীতে দু'টি শিশুশ্রমের চিত্র দেখে বলেন, যে-শিশুরা থাকবে মায়ের কোলে, তারা কাজের মাঠে, এর চেয়ে অমানবিক আর কী হতে পারে ? হাজারী গলির প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে ০২ ফেব্রুয়ারি ২০২০, সকাল ১১ টায় আইন





বিভাগের এলএলবি (অনার্স)-এর ৩৪, ৩৬ ও ৩৮ তম ব্যাচের উদ্যোগে আয়োজিত এই প্রদর্শনীতে তিনি প্রধান অতিথি ও উদ্বোধক ছিলেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও বিভাগের সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস। বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে প্রদর্শনীতে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, পশু-পাখি, জীব-জন্তু প্রকৃতি থেকে যা পায়, তা সরাসরি গ্রহণ করে। কিন্তু মানুষ প্রকৃতির কোনকিছু সরাসরি গ্রহণ করে না। মানুষ প্রকৃতি থেকে যা পায়, তা শ্রমের মাধ্যমে পরিবর্তন করে, তারপর ভোগ করে। মানুষ এভাবেই প্রকৃতিকে জয় করেছে। তিনি 'সারা বিশ্বজুড়ে এখন আইনের সংগ্রাম চলছে' উল্লেখ করে বলেন, এই সংগ্রামের মূল কথা হলো, সমাজ ও রাষ্ট্রকে মানবিক হতে হবে। শ্রমিককে তার ন্যায্য অধিকার ফিরিয়ে দিতে হবে। বিশেষ অতিথি প্রক্টর আহমদ রাজীব চৌধুরী বলেন, এই প্রদর্শনীর জন্য তিনটি ব্যাচ প্রচুর পরিশ্রম করেছে। স্বাগত বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক মেহের নিগার। প্রদর্শনীতে সেইফটি এন্ড সিক্যুরিটি, শ্রমিকদের জীবনমান, মেটারনিটি রাইটস, নারী শ্রমিকের অধিকার, শ্রম আদালত, শিশুশ্রম, বাংলাদেশের অর্থনীতিতে শ্রমিকদের অবদান, জাহাজভাঙা শিল্পে শ্রমিক, গৃহকর্মী, গার্মেন্টস ওয়ার্কার, সাম্প্রতিক সময়ে গার্মেন্টসে সংঘটিত দুর্ঘটনা, পথশিশু, শ্রমিকদের যৌন হয়রানী প্রভৃতি মোট ৩০টি দেয়ালিকা স্থান পায়। শিক্ষার্থীরা দেয়ালিকাগুলোতে তাদের ফিল্ড ওয়ার্ক, অভিজ্ঞতা ভিত্তিক মতামত, পাঠক্রম থেকে অর্জিত জ্ঞান ইত্যাদির সমন্বয়ে শ্রমিকদের বিভিন্ন অধিকার, দুঃখ-কথা ও সচেতন মহলের করণীয় তুলে ধরেছেন।

## *এখন চতুর্থ শিল্পবিপ্লবের সময়*


*৭ পৃষ্ঠার পর*

(সিনিয়র সহকারী সচিব) আর এইচ এম আলাওল কবির। প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি প্রফেসর ড. মো. সাজ্জাদ হোসেন বলেন, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিল্পবিপ্লব আমরা হারিয়েছি। এখন চতুর্থ শিল্পবিপ্লবের সময়। এই শিল্পবিপ্লবে প্রযুক্তিগতভাবে যাতে বাংলাদেশ অবদান রাখতে পারে সেজন্য বাংলাদেশ সরকার দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ। একারণে বাংলাদেশ সরকার আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স-এর ওপর গুরুত্ব আরোপ করে দৈনন্দিন, সামাজিক ও জাতীয় সমস্যাগুলো সমাধানের জন্য দিন-রাত কাজ করে যাচ্ছে। তিনি আরও বলেন, চতুর্থ শিল্পবিপ্লবে বাংলাদেশের পক্ষে অবদান রাখার জন্য বিশ্ববিদ্যালয়-শিক্ষার্থীদের এগিয়ে আসা জরুরি। একারণে বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে তাদের অবগত হতে হবে এবং সরকারের তথ্য-প্রযুক্তি বিভাগে তাদের জন্য ব্যবস্থাকৃত সুযোগ-সুবিধা গ্রহণ করতে হবে। প্রধান অতিথি ডিজিটাল বাংলাদেশের অগ্রগতির জন্য স্টার্টআপ কালচার, ইনোভেশন কালচার প্রভৃতির তাৎপর্য তুলে ধরেন। বিশেষ অতিথি সৈয়দ মুজিবুল হক বলেন, চতুর্থ শিল্পবিপ্লবের এই যুগে যে-সকল সমস্যা রয়েছে, সেগুলো সমাধানের জন্য বিশ্ববিদ্যালয়-শিক্ষার্থীদের কাজ করতে হবে। তিনি 'মুজিববর্ষে বাংলাদেশ সরকারের তথ্য-প্রযুক্তি মন্ত্রণালয় আইসিটি ডিভিশনের মাধ্যমে ১০০টি প্রজেক্টকে অর্থায়ন করবে' জানিয়ে শিক্ষার্থীদের এই সুযোগ গ্রহণ করার আহ্বান জানান। বিশেষ অতিথি টুটন চন্দ্র মল্লিক 'ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলোজিস: চিটাগং অ্যাকটিভেশন প্রোগ্রাম' কর্মশালার গুরুত্ব তুলে ধরেন। সভাপতি প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, মেধাভিত্তিক সমাজ গঠনের জন্য বাংলাদেশ সরকার কাজ করে যাচ্ছে। কিনোট স্পিকার আর এইচ এম আলাওল কবির কর্মশালায় উল্লিখিত দশটি সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এই দশটি সমস্যা হলো: গুজব প্রতিরোধে সমন্বিত ব্যবস্থা প্রবর্তন, পল্লী সড়ক উন্নয়ন প্রকল্পগুলির মনিটরিং-এর জন্য একটি ইফেক্টিভ টুল তৈরি, একটি কার্যকর ও আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতির প্রবর্তন, নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল রাখতে ইনটেগ্রেটেড মার্কেট ইন্টেলিজেন্স প্ল্যাটফর্ম তৈরি, যথাযথভাবে খাদ্যশস্য সংরক্ষণে স্মার্ট ওয়্যারহাউস (এলএসডি/সিএসডি/সাইলো), অনুমোদিত বিল্ডিং কোড অনুযায়ী স্থাপনা তৈরিতে রিয়েল টাইম ইমারত নির্মাণ পরিবীক্ষণ ব্যবস্থা প্রবর্তন, পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা প্রবর্তন, রেল দুর্ঘটনা রোধে ক্যাব সিগন্যালিং ব্যবস্থার আধুনিকায়ন, নৌ-দুর্ঘটনা রোধে আধুনিক নৌযান সিগন্যালিং/ট্র্যাকিং পদ্ধতি চালুকরণ, সড়ক দুর্ঘটনা রোধে ড্রাইভিং লাইসেন্স এবং মোটরযান ফিটনেস সার্টিফিকেট প্রদান ব্যবস্থার আধুনিকায়ন প্রভৃতি। শেষে ইন্টারনেটের সঠিক ব্যবহারের জন্য শপথবাক্য পাঠ করান প্রধান অতিথি প্রফেসর ড. মো. সাজ্জাদ হোসেন। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় কর্মশালায় চট্টগ্রাম বিভাগের ১৫টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়, ৮টি কলেজ এবং ২ পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। কর্মশালায় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির প্রমুখ।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে

# 'অ্যাপ্লিকেশনস অব ম্যাথম্যাটিক্স ইন ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চেস' শীর্ষক ওয়েবিনার

প্রকৌশলবিদ্যার সাথে গণিতের সম্পর্ক ওতপ্রোত। প্রকৌশলবিদ্যার একজন ছাত্রকে তার শিক্ষা জীবনের প্রথম থেকেই গণিতের বিভিন্ন দিক নিয়ে লেখাপড়া করতে হয়। আর গণিত পড়তে গিয়ে তাদের যত সমস্যা। এসব সমস্যা এবং গণিত নিয়ে শিক্ষার্থীদের হাজারো প্রশ্নের উত্তর দিতেই প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ সম্প্রতি আয়োজন করেছে তাদের নিয়মিত ওয়েবিনার সিরিজের 'অ্যাপ্লিকেশনস অব




ম্যাথমেটিক্স ইন ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চেস' শীর্ষক পর্ব। বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে এই ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ গণিত অলিম্পিয়াডের সাধারণ সম্পাদক ও দৈনিক প্রথম আলোর ইয়ুথ প্রোগ্রামের প্রধান জনাব মুনির হাসান এবং চুয়েট-এর গণিত বিভাগের অধ্যাপক প্রফেসর ড. উজ্জ্বল কুমার দেব। জনাব মুনির হাসান তাঁর মূল প্রবন্ধের প্রথমেই বলেন, তাঁর নিজের শিক্ষা জীবনে তিনি দেখেছেন, বুয়েটে পড়ার সময় তৃতীয় বর্ষ পর্যন্ত তাঁদেরকে গণিতের বিভিন্ন সাবজেক্ট পড়তে হয়েছে। চতুর্থ বর্ষে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর বিভিন্ন অ্যাপ্লাইড জিনিস পড়ার সময় দেখেছেন সেখানেও সবগুলো গণিতের অ্যাপ্লিকেশন, যেমন, ফোরিয়ার ট্রান্সফর্মেশন ও ল্যাপ্লাস ট্রান্সফরমেশন। তিনি উল্লেখ করেন, গণিতের যে-সকল বিষয় প্রকৌশলবিদ্যায় পড়তে হয় সে-সকল বিষয়, যেমন ডিফারেন্সিয়াল ইকুয়েশন ম্যাট্রিক্স হতে শুরু করে প্রতিটি জিনিসের ব্যবহারিক প্রয়োগ রয়েছে প্রকৌশলবিদ্যায়। তিনি বলেন, তারা বাংলাদেশ গণিত অলিম্পিয়াড থেকে শুরু করে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় কিছু পরিবর্তন এনেছেন যা খুব ছোট ক্লাস থেকেই শুরু হয়েছে। এ কারণে ২০৩৫ সালে যারা ইঞ্জিনিয়ারিং পড়বে তাদের এই ধরনের প্রশ্ন আর মনে জাগবে না। প্রফেসর ড. উজ্জ্বল কুমার দেব তাঁর মূল প্রবন্ধের শুরুতেই গোল্ডেন ইকুয়েশন নিয়ে তাঁর কিছু এনিমেশন দেখান। তিনি দেখানোর চেষ্টা করেন কিভাবে গোল্ডেন ইকুয়েশন দিয়ে প্রকৌশলবিদ্যার বিভিন্ন দিক যেমন সিভিল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর গাণিতিক ব্যাখ্যা দেওয়া যায়। তিনি তাঁর প্রেজেন্টেশনে রোবটিক্স-এর বিভিন্ন দিক নিয়েও আলোচনা করেন এবং রোবটিক্সে কী করে প্রতিটি ধাপে গণিতের ব্যবহার হচ্ছে সেটি শিক্ষার্থীদের সুন্দরভাবে বুঝিয়ে দেন। তিনি আরো বলেন, গণিতের চর্চা মানুষের বিশ্লেষণী ক্ষমতা বাড়ায়। গাণিতিক যুক্তি ব্যবহার করে প্রকৌশলীরা সহজেই প্রতিনিয়ত পরিবর্তনশীল পৃথিবীর চ্যালেঞ্জগুলোকে মোকাবেলার মাধ্যমে জীবনকে সহজ করে তুলছে। গণিত বিভাগের সহকারী অধ্যাপক তানিয়া নূরের সঞ্চালনায় ওয়েবিনারে সভাপতি টোটন চন্দ্র মল্লিক তাঁর বক্তব্যে বলেন, প্রকৌশলী হতে হলে গণিতকে ভালবাসতে হবে। কারণ একজন প্রকৌশলীকে তার জীবনের প্রতিটি ধাপে গণিতের বিভিন্ন সূত্র ও ইকুয়েশন মেনে সামনের দিকে এগিয়ে যেতে হয়। তিনি আশা করেন, আজকের ওয়েবিনারের পর শিক্ষার্থীরা তাদের মন থেকে গণিতের ভয়কে হয়তো দূর করতে পারবেন। ফেইসবুক লাইভে অনুষ্ঠিত ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরাসহ বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। *[ দৈনিক আজাদী, ২০.৮.২০২০, পৃষ্ঠা-৩ ]*

## *প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ২৬ তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম*

*৪ পৃষ্ঠার পর*

এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না, গণিত বিভাগের সহকারী অধ্যাপক তানিয়া নূর এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক ও ২৬ তম ব্যাচের অ্যাডভাইজার আসিফ মো. সিদ্দিকী। প্রধান অতিথি প্রফেসর ড. তৌফিক সাঈদ তাঁর বক্তব্যে বলেন, বিশ্ব সামনের দিকে এগিয়ে যাচ্ছে আর দিনদিন সেই অনুযায়ী আমাদের প্রযুক্তির ব্যবহার বেড়ে যাচ্ছে। প্রযুক্তির এই ক্রমবর্ধমান ধারায় নিজেকে সম্পৃক্ত রাখতে এবং বিশ্বের বাজারে টিকে থাকার জন্য আমাদের প্রযুক্তিগত শিক্ষার উপর গুরুত্ব আরোপ করা উচিৎ। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ বাংলাদেশে স্বনামধন্য। এখানে শিক্ষা লাভ করে তোমরা তোমাদের ভবিষ্যৎ জীবনকে আরো সুন্দর এবং ক্যারিয়ারকে সমৃদ্ধ করতে পারবে। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক রাহুল চৌধুরীর সঞ্চালনায় অন্যান্যদের মাঝে বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের কৃতি শিক্ষার্থী অষ্টম ব্যাচের সাইফুল ইসলাম রুবেল, পিইউসি রোবটিক্স ক্লাবের সভাপতি শামসুল আরেফিন রাজিত, আই ট্রিপল ই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চের চেয়ারম্যান রনি চৌধুরী।

# প্রিমিয়ার ইউনিভার্সিটি শুরু করেছে অনলাইনে শিক্ষা কার্যক্রম




দেশজুড়ে করোনাভাইরাসের কারণে সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে গেলেও প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীদের পড়াশুনায় যাতে কোন ব্যাঘাত না ঘটে, সেজন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি শুরু করেছে অনলাইনে শিক্ষা কার্যক্রম। বাসায় বা বাড়িতে বসে অনলাইনের মাধ্যমে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষকবৃন্দ ক্লাস পরিচালনা করছেন। শিক্ষামন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল ক্লাস-পরীক্ষা ০৯ এপ্রিল ২০২০ পর্যন্ত বন্ধ থাকবে। এই প্রেক্ষাপটে প্রিমিয়ার ইউনিভার্সিটির অনলাইনে ক্লাস পরিচালনা শিক্ষার্থীদের নিয়মিত পাঠ গ্রহণে সহায়ক ভূমিকা পালন করবে। জিসুইট, গুগল ক্লাসরুম, গুগল ড্রাইভসহ বিভিন্ন ধরনের অনলাইন প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার্থীরা নিরাপদ দূরত্বে থেকে শিক্ষকদের সঙ্গে তাঁদের পড়ালেখা চালিয়ে যাওয়ার সুযোগ পাচ্ছেন। অনলাইনে ক্লাস-শিক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কোর্স টিচার অথবা বিভাগীয় চেয়ারম্যানের সঙ্গে নিয়মিত যোগাযোগ করতে শিক্ষার্থীদের অনুরোধ করা হয়েছে। *[ দৈনিক পূর্বকোণ, ২৫.৩.২০২০, পৃষ্ঠা-৪ ]*

## ‘জ্ঞানের উজ্জীবনে বিতর্কের বিশাল ভূমিকা রয়েছে’

*৬ পৃষ্ঠার পর*

‘পৌনঃপুনিক’-এর মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাংলাদেশ, বাঙালি ও বাংলা ভাষা নিয়ে সুদীর্ঘ সংগ্রামের ইতিহাস তুলে ধরে বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালিকে তার হাজার বছরের ইতিহাসে প্রথম স্বাধীন রাষ্ট্র উপহার দিয়েছেন। সেজন্য বাংলা ভাষী বাঙালি জনগণ তাঁকে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি হিসেবে শ্রদ্ধা জানিয়েছেন। সেকারণে তাঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে আজ সারা বাংলাদেশ জুড়ে অসংখ্য অনুষ্ঠান আয়োজিত হচ্ছে। ড. অনুপম সেন বিতর্ক সম্পর্কে ‘বিতর্কের ভিত্তি হলো যুক্তি’ মন্তব্য করে বলেন, একসময় সমাজ বিনির্মিত হয়েছে প্রথার উপর ভিত্তি করে। এখনও উপজাতীয় অনেক সমাজ প্রথার উপর ভিত্তি করে পরিচালিত হয়। কিন্তু যুক্তি বাদ দিয়ে বর্তমানে সমাজ ও রাষ্ট্র চলতে পারে না। ড. সেন ‘জ্ঞানের উজ্জীবনে বিতর্কের বিশাল ভূমিকা রয়েছে’ উল্লেখ করে প্লেটো ও অ্যারিস্টটলের রচিত গ্রন্থাবলী থেকে তর্ক ও গণতন্ত্র সম্পর্কে গুরুত্বপূর্ণ অনেক তথ্য তুলে ধরেন, সক্রেটিস সম্পর্কেও অনেক তথ্য দেন। তিনি বলেন, গ্রীসেই একসময় বিতর্ক চর্চার মধ্য দিয়ে সত্যের অনুসন্ধান শুরু হয়; বিজ্ঞানের সত্য এবং সমাজবিজ্ঞানের সত্য দু'টোরই। এই সত্যকে অনুসন্ধান করা হয়েছে যুক্তির মাধ্যমে। প্লেটোর রচনাসমূহে এই বিতর্কের এক অসাধারণ প্রকাশ দেখা যায়। বর্তমান যুগেও বিভিন্ন দেশের পার্লামেন্টে বা সংসদসমূহে আমরা সত্যে উপনীত হওয়ার জন্য যুক্তির প্রয়োগ দেখি। বিতর্ক মানুষের চিন্তাকে পরিচ্ছন্ন করে, বিকশিত করে। যুক্তি বা বিতর্ক নানাভাবে, নানারূপে, যেমন, লেখার মাধ্যমে সভ্যতাকে এগিয়ে নিচ্ছে। পিইউডিএস-এর চীফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী। প্রফেসর ড. মোহীত উল আলম তাঁর বক্তব্যে বলেন, আমাদের সমাজ ও রাষ্ট্রে যে বিতর্ক দেখি, সেগুলো একাডেমিক এক্সারসাইজের মধ্যে পড়ে না। আবেগকে নিয়ন্ত্রণ করে যুক্তির মাধ্যমে বিতর্ককে এগিয়ে নিলেই একাডেমিক এক্সারসাইজে তার প্রতিফলন ঘটে। পিইউডিএস-এর মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, মিনহাজ হোসাইন, নিলুফার সুলতানা, ফারিয়া হোসেন বর্ষা, নুসরাত শারমিন ও পিইউডিএস কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক মার্সেল অনিক হালদার।

## কৃষিখাতে কোভিড-১৯-এর প্রভাব নিয়ে

*১৬ পৃষ্ঠার পর*

মাথাপিছু সম্পদের পরিমাণ অত্যন্ত কম। তাই অর্থনৈতিক কর্মকাণ্ডে পুনরায় অংশগ্রহণ করা ছাড়া তাদের সামনে আর কোন বিকল্প নেই। সুতরাং কোভিড-১৯-এর কারণে স্বল্পমেয়াদে কৃষি অর্থনীতি ক্ষতিগ্রস্ত হলেও দীর্ঘ মেয়াদে এই খাতের উৎপাদনে তেমন কোন সমস্যা দেখা দেবে না বলে তিনি জোর আশাবাদ ব্যক্ত করেন। প্রভাষক অর্পিতা দত্তের সঞ্চালনায় ওয়েবিনারে প্রভাষক জনাব সুদীপ দে ‘Agriculture, Fisheries & Covid-19: The case of Bangladesh’ শিরোনামে প্রবন্ধ উপস্থাপন করেন। কোভিড-১৯-এর প্রভাবে কৃষিখাতে উৎপাদিত পণ্যসমূহের মূল্যহ্রাস পাওয়া এবং সারাদেশে supply chain-এর ক্ষতিগ্রস্ত হওয়ার অর্থনৈতিক প্রভাব সম্পর্কে এই প্রবন্ধে আলোকপাত করা হয়। এছাড়াও করোনার এই সঙ্কটকালে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে সরকারের বিভিন্ন কার্যকরী পদক্ষেপ, যেমন, খাদ্য-শস্যের যথোপযুক্ত মজুদ নিশ্চিতকরণ, প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে খাদ্য-শস্য বিতরণ এবং কৃষকদের মাঝে ফসল সংগ্রহ এবং বাজারজাতকরণে বিভিন্ন সরকারি কার্যক্রমের বিস্তারিত তথ্য তুলে ধরা হয়। ওয়েবিনারের প্রশ্নোত্তর পর্বে ছাত্রছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল প্রশংসনীয়। এই পর্বে বিজ্ঞ প্যানেলিস্টদ্বয় বিভাগের শিক্ষক ও ছাত্রছাত্রীদের বাংলাদেশের কৃষি অর্থনীতির উপর কোভিড-১৯-এর প্রভাব সংক্রান্ত বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করে অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলেন। উল্লেখ্য, বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী ওয়েবিনারটির উদ্বোধনকালে বলেন, কৃষিখাত বাংলাদেশের অর্থনীতির অন্যতম একটি স্তম্ভ। তিনি মন্তব্য করেন, কোভিড-১৯ অতিমারি মোকাবেলায় এই খাত আমাদের অর্থনীতির জন্য ঢাল স্বরূপ ভূমিকা পালন করছে। এই সংকটকালে বাংলাদেশের অর্থনীতির পুনরুদ্ধারের ক্ষেত্রে কৃষিপণ্যের রপ্তানির বহুমুখীকরণের উপর জোর দিতে হবে বলে তিনি মত প্রকাশ করেন। এই প্রসঙ্গে তিনি কোভিড-১৯ অতিমারি মোকাবেলায় এবং সাম্প্রতিক সময়ের প্রাকৃতিক দুর্যোগের প্রকোপ থেকে কৃষিখাতকে রক্ষায় মাননীয় প্রধানমন্ত্রীর সময় উপযোগী এবং দূরদর্শী ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। সর্বশেষে সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করে অনুষ্ঠানের সভাপতি ফারজানা ইয়াসমিন চৌধুরী ওয়েবিনারের ইতি টানেন। *[ দৈনিক আজাদী, ২৪.৮.২০২০ পৃষ্ঠা-২]*

## ‘ইন্টারন্যাশনাল লার্জেস্ট কম্পিটিশন-ইন্সপিরেলি অ্যাওয়ার্ডস-২০২০’ প্রতিযোগিতায় প্রিমিয়ার ইউনিভার্সিটি গ্র্যান্ড চ্যাম্পিয়ন

*১৬পৃষ্ঠার পর*

দাশ। দলনেতা ছিলেন তানভীরুল হাকিম। তত্ত্বাবধায়ক ছিলেন স্থাপত্য বিভাগের শিক্ষক স্থপতি কুহেলী চৌধুরী। বিশ্বের ১০৬ টি দেশ থেকে ১৩০৪ টি প্রজেক্ট এই প্রতিযোগিতায় জমা পড়ে। গ্লোবাল ওয়ার্মিং-এর কারণে বাংলাদেশের মতো অনেকগুলো দেশ প্রতিনিয়ত অনেক সমস্যার সম্মুখীন হচ্ছে। যেমন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ অঞ্চল চট্টগ্রাম এখন জলাবদ্ধতা ও অপরিকল্পিত নগরায়ণ সমস্যার শিকার। এই সমস্যাগুলোকে প্রাধান্য দিয়ে একটি পরিকল্পিত নগরের চিন্তা করে প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের দলটি তাদের প্রজেক্টটি তৈরি করে। এই প্রজেক্ট গ্র্যান্ড চ্যাম্পিয়ন হওয়ায় প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন স্থাপত্য বিভাগের দলটিকে আন্তরিক ভালোবাসা ও প্রাণঢালা অভিনন্দন জ্ঞাপন করেছেন। উল্লেখ্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি সর্বপ্রথম বাংলাদেশ থেকে এই আন্তর্জাতিক প্রতিযোগিতায় গ্র্যান্ড চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। আগামী ৪ নভেম্বর বাংলাদেশ সময় সন্ধ্যা ৭ টায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনলাইনে সম্প্রচার করা হবে।

১৮ অক্টোবর ২০২০, বেলা ১২ টায় স্থাপত্য বিভাগের বৃত্তান্ত ব্যাচের দলটি উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে। দলটির সঙ্গে ছিলেন দলটির তত্ত্বাবধায়ক স্থপতি কুহেলী চৌধুরী। এসময় উপাচার্য ড. অনুপম সেন বলেন, আমি উচ্ছ্বসিত ‘ইন্টারন্যাশনাল লার্জেস্ট কম্পিটিশন-ইন্সপিরেলি অ্যাওয়ার্ডস-২০২০’ প্রতিযোগিতায় প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের বৃত্তান্ত ব্যাচের দলটি গ্র্যান্ড চ্যাম্পিয়ন হওয়ায়। এতে প্রমাণিত হয়, প্রিমিয়ার ইউনিভার্সিটির সুনাম সারাবিশ্বে ছড়িয়ে পড়ছে। তিনি দলটির ‘দি রিটার্ন অব দ্য সিটি’স ওয়াটার স্পাইন’ প্রজেক্ট-এর প্রশংসা করে বলেন, এই প্রজেক্ট অনুসারে অপরিকল্পিতভাবে গড়ে উঠা নগরীকে পুনরুদ্ধার করা যাবে। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের চেয়ারম্যান ও বিশিষ্ট স্থপতি প্রফেসর সোহেল এম শাকুর, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, সহকারী ডিরেক্টর (স্টুডেন্টস' ওয়েলফেয়ার) জনাব পঙ্কজ বিশ্বাস।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের

# ‘ড্রোন এন্ড রোবট ডেভেলপমেন্ট’ শীর্ষক ওয়েবিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সম্প্রতি ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে ধারাবাহিক ওয়েব সিরিজের চতুর্থ পর্বে ‘ড্রোন এন্ড রোবট ডেভেলপমেন্ট’ শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। এই বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে ওয়েবিনারে দু’টি প্রবন্ধ উপস্থাপিত হয়।




ভেল টেক রঙ্গরঞ্জন ড. সাগুন্থালা বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউটের যন্ত্র প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. ই বালাসুব্রামানিয়ান জনহীন বায়বীয় বাহন নিয়ে প্রবন্ধ উপস্থাপন করেন। অপর প্রবন্ধটি উপস্থাপন করেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক ড. সজল চন্দ্র বণিক। তাঁর আলোচনার বিষয় ছিল শিল্প কারখানায় কোলাবোরেটিভ রোবটের ব্যবহার। ওয়েবিনারে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। ওয়েবিনার-এর শুরুতে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীদের ড্রোন গবেষণা নিয়ে প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। প্রফেসর ই. বালাসুব্রামানিয়ান তাঁর বক্তব্যে বিভিন্ন ধরনের ড্রোনের ডিজাইন, গঠন এবং তার প্রয়োগ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, বিভিন্ন ধরনের স্থাপনা যেখানে মানুষ পৌঁছাতে অক্ষম, সেখানে থার্মাল সেন্সরের মাধ্যমে ডাটা নিয়ে স্থাপনার ক্ষয় রোধ করা সম্ভব। তাছাড়া পানির গুনাগুণ পরীক্ষা, কীটনাশক প্রয়োগ, কৃষি ক্ষেত্রে এর সাফল্য রয়েছে। প্রফেসর সজল চন্দ্র বণিক এই মহামারী কালে মানুষের সহযোগী হিসেবে রোবটের ভূমিকা নিয়ে আলোকপাত করেন। তিনি বলেন, এই ধরনের রোবট ডাক্তারের সহযোগী হিসেবে রোগীর নমুনা সংগ্রহ এবং জীবাণু মুক্তকরণ কাজে ব্যবহার করা যেতে পারে। তাছাড়া এই ধরনের রোবট মহামারি পরবর্তী সময়ে অর্থনীতি, শিল্প স্বয়ংক্রিয়তা, সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে কার্যকরী ভূমিকা রাখবে বলে তিনি মত ব্যক্ত করেন। বিশেষ অতিথি প্রফেসর ড. তৌফিক সাঈদ ভবিষ্যতে প্রিমিয়ার ইউনিভার্সিটির সঙ্গে ইন্দো বাংলা প্রজেক্টের মাধ্যমে ভারতের সঙ্গে যৌথ উদ্যোগে গবেষণার আশাবাদ প্রকাশ করেন। বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় ওয়েবিনারের সভাপতির বক্তব্যে টোটন চন্দ্র মল্লিক বলেন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের রোবট ও ড্রোন দিয়ে গবেষণায় যারা ইচ্ছুক তাদের নিয়ে একটি কমন প্ল্যাটফর্ম গঠন করলে ভবিষ্যতে এক্ষেত্রে আশাব্যঞ্জক সাফল্য অর্জন করা সম্ভব। ফেইসবুক লাইভে অনুষ্ঠিত হওয়া এই ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করেন। *[ দৈনিক পূর্বদেশ, ১৫.৮.২০২০, পৃ: ৩ ]*

## *প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে ‘আন্তর্জাতিক ওয়েবিনার ডিস্কোর্স সিরিজ’-এর প্রথম পর্ব অনুষ্ঠিত*

*৩য় পৃষ্ঠার পর*

নিয়মিতভাবে তাঁদের কাজ প্রকাশিত হয়ে চলেছে। ভারতের বিভিন্ন স্থানে হেরিটেজ কনজার্ভেশন নিয়ে এই স্থপতি যুগলের কাজ বেশ প্রশংসনীয়। স্থপতি নিশ্চাল জেইন ‘Design Wisdom in Traditional Buildings in Hot Dry Climate: Case Studies of Jaipur, India' শীর্ষক আলোচনায় তাঁর মূল্যবান বক্তব্য এবং দৃষ্টিকোণ তুলে ধরেন। দীর্ঘ ৩ ঘন্টার এই আলোচনায় উঠে এসেছে কিভাবে একটি স্থান বা অঞ্চলের ভৌগোলিক অবস্থান, আবহাওয়া ও জলবায়ু পারিপার্শ্বিকতা, সংস্কৃতি, সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটকে বিবেচনায় রেখে স্থাপত্যের বিনির্মাণ করা যায়। স্থপতি নিশ্চাল জেইন তুলে ধরেছেন জয়পুরের বিভিন্ন দৃষ্টান্তমূলক স্থাপনার নিদর্শন যা সকল শ্রোতাদের ভীষণভাবে অনুপ্রাণিত করেছে। প্রফেসর ও চেয়ারম্যান স্থপতি সোহেল মোহাম্মদ শাকুর-এর পরিচালনায়, প্রভাষক ও স্থপতি প্রিনিয়া আব্বাসী খানম-এর মডারেশনে প্রথম পর্বে আরও বক্তব্য রাখেন স্বনামধন্য স্থপতি ও শিক্ষাবিদ ড. নুরুর রহমান খান। তিনি বাংলাদেশের হেরিটেজ এবং কনজারভেশন নিয়ে আমন্ত্রিত ভারতীয় বক্তাদের সামনে তুলে ধরেন বিভিন্ন অনুপ্রেরণামূলক চিন্তা-চেতনা। উপস্থিত ছিলেন স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রী, শিক্ষকবৃন্দ এবং দেশ ও দেশের বাহিরের বিভিন্ন স্বনামধন্য স্থপতিবৃন্দ। স্থাপত্য বিভাগ আয়োজিত এই পর্বে আরও উপস্থিত ছিলেন ভারত, পাকিস্তান, শ্রীলংকা, মিশর, তুর্কি এবং যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের আমন্ত্রিত স্থপতিবৃন্দ। সার্বিক সহযোগিতায় ছিলেন সহযোগী অধ্যাপক ও স্থপতি আশিকুর রহমান, সহকারী অধ্যাপক ও স্থপতি হোসেন মুরাদ, প্রভাষক ও স্থপতি কুহেলী চৌধুরী। সার্বিক তত্ত্বাবধানে সহায়তা করেছেন যুক্তরাষ্ট্রে পিএইচডি অধ্যয়নরত স্থপতি জায়েদী আমান এবং স্থাপত্য বিভাগের প্রভাষক ও স্থপতি মো. ওবায়দুল হক।

## *প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান বিজয় দিবস উদযাপন*

### *ছয় দফার পথ ধরে সূচিত হয় মুক্তিযুদ্ধ, অর্জিত হয় বিজয়*

*৭ পৃষ্ঠার পর*

দফা ঘোষণা করেন। তারই পথ ধরে সূচিত হয় মুক্তিযুদ্ধ, অর্জিত হয় বিজয়। ১৬ ডিসেম্বর ২০২০, জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় শহীদ মিনারে মহান বিজয় দিবস উপলক্ষে ইউনিভার্সিটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর প্রাক্কালে তিনি এসব কথা বলেন। তিনি ‘স্বাধীনতা ও বিজয়ের জন্য মুক্তিযুদ্ধে তিরিশ লক্ষ বাঙালিকে প্রাণ দিতে হয়’ উল্লেখ করে বলেন, স্বাধীনতার জন্য এত লোকের প্রাণ বিসর্জনের নজির পৃথিবীতে আর নেই। তিনি বলেন, এদেশে পশ্চিম পাকিস্তানের শোষণের ইতিহাস, স্বাধীনতার জন্য এদেশের মানুষের ত্যাগ-তিতিক্ষার ইতিবৃত্ত নতুন প্রজন্মের জানা প্রয়োজন। তাহলে তাদের মধ্যে দেশপ্রেম জাগ্রত হবে, দেশের স্বার্থে কাজ করতে তারা অনুপ্রাণিত হবে। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করার পরে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারিবৃন্দ কর্তৃক পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, ইংরেজি বিভাগের প্রফেসর ড. মোহীত উল আলম, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন চীফ ইঞ্জিনিয়ার ও উপাচার্যের উপদেষ্টা জনাব মো. আবু তাহের, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম এবং ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউসার আলম প্রমুখ।

## *এবিএম মহিউদ্দিন চৌধুরী গভীরভাবে দেশকে ভালবাসতেন, ভালবাসতেন এই চট্টগ্রামকে*

*৭ পৃষ্ঠার পর*

রাজনৈতিক ব্যক্তিত্ব। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে উজ্জীবিত হয়ে তিনি ছাত্রজীবনেই রাজনীতিতে সম্পৃক্ত হন। বঙ্গবন্ধুর ডাকে ছয় দফা থেকে শুরু করে পাকিস্তান বিরোধী বিভিন্ন আন্দোলনে তিনি যুক্ত হয়েছিলেন। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধেও তিনি অংশগ্রহণ করেন। স্বাধীনতা-উত্তর-কালেও তিনি বঙ্গবন্ধুর আদর্শকে হৃদয়ে ধারণ করে তাঁর রাজনৈতিক-কর্মজীবন শুরু করেন। এরপর থেকে মৃত্যুর আগ পর্যন্ত তিনি বঙ্গবন্ধুর আদর্শের রাজনীতিই করে গেছেন। প্রফেসর ড. অনুপম সেন এবিএম মহিউদ্দিন চৌধুরীর জীবনের বিভিন্ন দিক সম্পর্কে আলোকপাত করে বলেন, মানুষকে বড়ো হওয়ার জন্য মনের দারিদ্র দূর করতে হয়। এই দারিদ্র মানে মনের অন্ধকার। শিক্ষার মাধ্যমে এই অন্ধকার দূরীভূত করা সম্ভব। মানবতাবাদী রাজনৈতিক নেতা আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী এ কারণে প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেন। প্রফেসর ড. অনুপম সেন আরও বলেন, বীর মুক্তিযোদ্ধা হিসেবে এবিএম মহিউদ্দিন চৌধুরী জাতির শ্রেষ্ঠ সন্তানদের অন্যতম। তিনি গভীরভাবে দেশকে ভালবাসতেন, ভালবাসতেন এই চট্টগ্রামকে, চট্টগ্রামের মানুষকে। তিনি আমৃত্যু চট্টগ্রামের কল্যাণের কথা, উন্নয়নের কথা চিন্তা করেছেন। এ কারণে তিনবার নির্বাচিত মেয়র থাকাকালে তিনি চট্টগ্রামের উন্নয়নের কাজে আত্মনিয়োগ করেন এবং শিক্ষা, চিকিৎসা ও রাস্তা-ঘাটের বিস্তার করেন। এবিএম মহিউদ্দিন চৌধুরীর কবরে পুষ্পমাল্য অর্পণ করার পরে জিইসি মোড়ে এই ইউনিভার্সিটির কেন্দ্রীয় মসজিদে তাঁর আত্মার শান্তি কামনায় খতমে কোরান, মিলাদ, দোয়া মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন হাফেজ মুহাম্মদ মঈনুদ্দিন ও মাওলানা বোরহান উদ্দিন হোসাইনি।

## *‘স্টার্টআপ অপরচুনিটিস ইন বাংলাদেশ’ শীর্ষক ওয়েবিনার*

*৫ম পৃষ্ঠার পর*

নিয়ে কাজ করছে। আইডিয়া প্রজেক্ট-এর আওতারে বাংলাদেশে প্রতিবছর অনেকগুলো স্টার্টআপকে ১০ লক্ষ টাকা করে সরকারি অনুদান দেয়া হয়। তিনি উল্লেখ করেন, সরকারের পক্ষ থেকে বিভিন্ন জায়গায় স্টার্টআপ বিষয়ে ট্রেনিং-এর ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া ২১ সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে আইডিয়াথন প্রতিযোগিতা যা চলবে ২১ নভেম্বর পর্যন্ত। এখানে শিক্ষার্থীরা তাদের আইডিয়া জমা দিবে এবং সেরা পাঁচ আইডিয়াদাতারা দক্ষিণ কোরিয়াতে ছয় মাসের প্রশিক্ষণসহ আন্তর্জাতিক ফান্ডিং এবং পেটেন্ড নিয়ে লেখাপড়া করবে। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, শুধুমাত্র চাকরির পেছনে ছুটলে ভবিষ্যতে শিক্ষার্থীদের জন্য কর্মক্ষেত্রে প্রতিষ্ঠিত হওয়া একটু কঠিন হয়ে যাবে। তাই যাদের মেধা রয়েছে, কিছু করার শক্তি রয়েছে, ইচ্ছা রয়েছে তাদের উচিত নিজে নিজে স্টার্টআপ নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়া। প্যানেল স্পিকার ড. আরিফ ইফতেখার মাহমুদ বলেন, বর্তমানে বাংলাদেশে অনেক ছোট ছোট কোম্পানি বিভিন্ন টেকনোলজিক্যাল প্রোডাক্ট বাজারে আনছে। এগুলোর মান বিশ্বমানের হলেও শুধুমাত্র সঠিক গাইডলাইনের অভাবে মার্কেটে স্থান করে নিতে পারছে না। তাই প্রোডাক্ট প্রোডাকশনের পাশাপাশি সেই প্রোডাক্টের সাসটেইনেবিলিটি নিয়ে আমাদেরকে কাজ করতে হবে। প্যানেল স্পিকার টুটন চন্দ্র মল্লিক তাঁর বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভিন্ন প্রজেক্টকে কিভাবে প্রোডাক্ট হিসেবে বাজারে আনা যায় সে-সম্পর্কে বিশদ আলোচনা করেন। প্যানেল স্পিকার ফরিদুল হাসান শুভ কিভাবে খুব অল্প বয়সে তাঁর স্টার্টআপ শুরু করেন, স্ট্যাটাসগুলো কিভাবে সামনের দিকে এগিয়ে নিয়ে গেছেন, সেগুলোর বর্তমান অবস্থা কী , ইত্যাদি বিষয় তাঁর বক্তব্যে তুলে ধরেন। ফেইসবুক লাইভে অনুষ্ঠিত এই ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরাসহ বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। *[ দৈনিক আজাদী, ২৫.৫.২০২০, পৃষ্ঠা-৩ ]*

# প্রিমিয়ার ইউনিভার্সিটি বুলেটিন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের ওয়েবিনার

## কৃষিখাতে কোভিড-১৯-এর প্রভাব নিয়ে ড. মোহীত উল আলম ও অর্থনীতিবিদ ড. মোহাম্মদ আবুল হোসাইনের বিশ্লেষণ

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগে এই বিভাগের প্রথম ওয়েবিনার অনলাইন প্লাটফরমে অনুষ্ঠিত হয়েছে। ওয়েবিনারে প্যানেলিস্ট হিসেবে উপস্থিত




ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন। বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী ওয়েবিনারের সভাপতি ও উদ্বোধক ছিলেন। ওয়েবিনারে প্রফেসর ড. মোহীত উল আলম কৃষিখাতে মধ্যসত্ত্বভোগীদের ভূমিকা এবং কৃষিঋণের বিষয় নিয়ে আলোচনা করেন। তাঁর আলোচনায় কোভিড-১৯-এর মোকাবেলায় সরকার প্রদত্ত কৃষিখাতে পাঁচ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজটি প্রশংসিত হয়। এছাড়াও কৃষিখাতে আধুনিক প্রযুক্তির ব্যবহার স্বল্পমেয়াদে বেকারত্ব তৈরি করলেও দীর্ঘ মেয়াদে তা নতুন কর্মসংস্থান সৃষ্টি করে এবং অর্থনৈতিক উন্নয়ন ঘটায় বলে তিনি মত প্রকাশ করেন। এক্ষেত্রে অর্থনীতির বিভিন্ন নীতি নির্ধারণে দেশের প্রান্তিক জনগোষ্ঠীর কল্যাণ বিবেচনা করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন বাংলাদেশের কৃষি অর্থনীতিতে করোনার প্রভাবকে স্বল্পমেয়াদে এবং দীর্ঘ মেয়াদে বর্ণনা করেছেন। তিনি বলেন, স্বল্পমেয়াদে লকডাউনের প্রভাবে কৃষিপণ্যের পরিবহন ব্যয় বৃদ্ধি পাওয়ার কারণে supply chain disruption হয়েছে। অন্যদিকে Demand side uncertainty প্রসঙ্গে তিনি বলেন, প্রাথমিকভাবে কোভিড-১৯-এর কারণে মানুষ নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য মজুদ করায় কৃষিপণ্যের চাহিদা হ্রাস পেয়েছে যার ফলে পণ্যের মূল্যও হ্রাস পেয়েছে। একই সাথে তিনি উল্লেখ করেন, বাংলাদেশের কৃষি উৎপাদন পরিবারভিত্তিক শ্রমের উপর নির্ভরশীল। এছাড়াও বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর *১৪ পৃষ্ঠার ২য় কলাম*

ড. অনুপম সেন বাংলাদেশ আওয়ামী লীগের দপ্তর উপ-কমিটির চেয়ারম্যান মনোনীত

## চসিক মেয়র পদপ্রার্থী বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিমের সৌজন্য সাক্ষাৎ

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার



ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বাংলাদেশ আওয়ামী লীগের দপ্তর উপ-কমিটির চেয়ারম্যান মনোনীত হওয়ায় তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র পদপ্রার্থী, বীর মুক্তিযোদ্ধা ও চট্টগ্রাম কলেজ-ছাত্রলীগের প্রাক্তন সভাপতি জনাব রেজাউল করিম। ০৪ নভেম্বর ২০২০, বেলা ৩ টায় তিনি প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে তাঁর প্রিমিয়ার ইউনিভার্সিটি কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় তিনি ড. সেনকে পুষ্পস্তবক প্রদান করে অভিনন্দন জানান। তিনি ড. সেনের *১০ পৃষ্ঠার ২য় কলাম*



## ‘ইন্টারন্যাশনাল লার্জেস্ট কম্পিটিশন-ইন্সপিরেলি অ্যাওয়ার্ডস-২০২০’ প্রতিযোগিতায় প্রিমিয়ার ইউনিভার্সিটি গ্র্যান্ড চ্যাম্পিয়ন

‘ইন্টারন্যাশনাল লার্জেস্ট কম্পিটিশন-ইন্সপিরেলি অ্যাওয়ার্ডস-২০২০’ প্রতিযোগিতায়, যে প্রতিযোগিতা বিশ্বের এক অনন্য সাধারণ স্থাপত্য প্রতিযোগিতা, সেই প্রতিযোগিতায় প্রিমিয়ার ইউনিভার্সিটি গ্র্যান্ড চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। আমেরিকান ইনস্টিটিউট অব আর্কিটেক্টস (ইউরোপ কন্টিনেন্টাল), আফ্রিকা ইউনিয়ন অব আর্কিটেক্টস ও লুমিওন আয়োজিত এই আন্তর্জাতিক প্রতিযোগিতায় সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের বৃত্তান্ত ব্যাচের ৬ জন শিক্ষার্থীর একটি দল ‘দি রিটার্ন অব দ্য সিটি’স ওয়াটার স্পাইন’ প্রজেক্ট নিয়ে অংশগ্রহণ করে। এই ৬ জন শিক্ষার্থী হলেন–তানভীরুল হাকিম, মো. জুনায়েদ সাইফ রুম্মান, পায়েল সেনগুপ্তা, জর্জিনা ফারাহ স্মৃতি, সোহানুর ইসলাম সজীব এবং পুনম *১৪ পৃষ্ঠার ২য় কলাম*

Opportunity to Study Jointly at University of Technology Sydney (UTS), Australia & Premier University.

Premier University

Permanently Certified only Private University in Chattogram

Admission Going on

Undergraduate Programs
- B.B.A. (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- B.Sc. in C.S.E.
- B.Sc. in E.E.E.
- Bachelor of Architecture
- B.Sc. (Honors) in Mathematics
- B.A. (Honors) in English
- B.S.S. (Honors) in Economics
- LL.B. (Honors)
- B.S.S. (Honors) in Sociology and Sustainable Development
- Bachelor of Arts in Fashion Design & Technology
- বিএ (অনার্স) বাংলা ভাষা ও সাহিত্য

◆ Student seeking admission to Premier University who have secured G.P.A 5 in both SSC and HSC or equivalent examinations will enjoy 50% waiver for the 1st semester.

◆ Other scholarships are also available.

Online Form Link https://bit.ly/PUCadmission

Professional Courses
- Postgraduate Diploma in Library & Information Science
- IoT & Data Analytics
- Amazon Web Service (AWS) Cloud Foundation
- CCNA (Ver 6.0) - Routing and Switching
- চীনা (মান্দারিন) ও জাপানি ভাষা শিক্ষা কোর্স



Admission Booths

Graduate Programs
- M.B.A. (Regular) (Accounting, Finance, Marketing, H.R.M. & Supply Chain Management)
- M.B.A. (Executive)
- LL.M. (1 year)
- M.Sc. in Mathematics
- M.A. in English (Major in E.L.T. / E.L.L.)
- M.S.S. in Economics (1 year) (Banking & Finance; Development Studies)
- M.S.S. in Economics (Banking & Finance; Development Studies)
- Master of Public Health (MPH) (1.5 year regular Post Graduate Program)

Academic Building- 2 : 1/A, O.R. Nizam Road, Probartak Circle, Chattogram.
Academic Building- 3 : Wasa Circle, Dampara, Chattogram.
Academic Building- 4 : 44, Hazari Lane, Kotwali, Chattogram.
Academic Building- 5 : 541, O.R. Nizam Road, GEC Circle, Chattogram.

Student seeking admission to Fashion Design and Technology require only C.G.P.A 2 both in SSC and HSC and equivalent examinations

Contact : +880 1313 044515-16 facebook.com/PremierUniversityChittagong

উপদেষ্টা: প্রফেসর ড. অনুপম সেন, উপাচার্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি; সম্পাদক: অমল ভূষণ নাগ, অধ্যাপক, ব্যবসা-শিক্ষা অনুষদ; সহযোগী সম্পাদক: খুরশিদুর রহমান, রেজিস্ট্রার; সহকারী সম্পাদক: শামসুল আরেফীন, সহকারী জনসংযোগ কর্মকর্তা।
প্রকাশনায়: জনসংযোগ শাখা, প্রিমিয়ার ইউনিভার্সিটি, ৫৪১, ও.আর. নিজাম রোড, জিইসি, চট্টগ্রাম। ফোন: +৮৮-০৩১-৬৫৬৬১২-১৪, ৬৫৬৯১৭, ৬৫৭৬৫৪, ই-মেইল: info@puc.ac.bd, ওয়েবসাইট : www.puc.ac.bd, www.facebook.com/PremierUniversityChittagong